# COMMON WORDS

## A SIMPLE ENGLISH-BENGALI DICTIONARY FOR BOYS AND GIRLS

INSTITUTE OF EDUCATION FOR WOMEN
2873
Dept. of Extension
SERVICE
9.2.71
CALCUTTA-17

*Compiled by*

*SURES C. DAS, M.A.*

[Revised Eighth Edition, 1969]

GENERAL PRINTERS & PUBLISHERS
PRIVATE LIMITED

CALCUTTA-13

423.9144 03
Com

*Publisher*: Surajit C. Das
General Printers & Publishers Pte. Ltd.
119, Dharamtala Street, Calcutta-13.

© SARATKAMINI TRUST

*First edition, 1965*
*Second edition, 1966*
*Third edition, 1966*
*Fourth edition, 1967*
*Fifth edition, 1968*
*Sixth edition, 1968*
*Seventh edition, 1969*
*Eighth edition, 1969*

**Price : Rupees Two and Paise Fifty only**

**॥ বিশেষ দ্রষ্টব্য ॥**

সম্প্রতি কাগজ, ছাপা, বাঁধাই ও অন্যান্য ব্যয়
অত্যধিক বাড়িয়া যাওয়ায় বইয়ের দাম
পঞ্চাশ পয়সা বর্ধিত হইল।

Printed by Surajit C. Das, on behalf of
General Printers & Publishers Private Ltd.,
at their works—Abinas Press, Calcutta-13.

একদা ছাত্রসংসদে লব্ধকীর্ত্তি ইংরেজী সাহিত্যের প্রথিত-যশা অধ্যাপক
পরবর্ত্তী কালে পশ্চিমবঙ্গের প্রখ্যাত প্রধান বিচারপতি
বর্ত্তমানে পশ্চিমবঙ্গ আইন কমিশন ও
পশ্চিমবঙ্গ ভাষা কমিশনের চেয়ারম্যান

## মাননীয় শ্রীযুক্ত ফণিভূষণ চক্রবর্ত্তী মহাশয়ের

# অভিমত

একটা বিদেশী ভাষা ভালো না জানাতে কোন লজ্জা নাই, সাধারণভাবে একথা যেমন সত্য, আবার ভাষাটা শিখিবার চেষ্টায় জীবনের আট দশ বৎসর ব্যয় করিয়াও উহা শিখিতে না পারা নিতান্ত লজ্জাকর, একথাও তেমনই সত্য। ইংরেজী ভাষা সম্পর্কে আমরা ঐ লজ্জার ভাগী হইতে চলিয়াছি। ইংরেজী পঠনপাঠন আমরা বন্ধ করি নাই, অথচ শুদ্ধভাবে লিখিতে পারিবার মত ইংরেজী জানা দূরে থাকুক, পড়িয়া বুঝিতে পারিবার মত জানাও আমাদের মধ্যে অতি দ্রুতগতিতে হ্রাস পাইতেছে।

এই অবনতির প্রধান কারণ, ভাষা শিখিবার পুরাতন এবং একটু পরিশ্রম-সাধ্য রীতিগুলি আর অনুসৃত হইতেছে না এবং উপযুক্ত পুস্তকাদিরও অভাব ঘটিয়াছে।

কোন একটা ভাষা শিখিতে হইলে শিখিবার বিষয় হয় প্রধানতঃ তিনটি—তাহার শব্দ, তাহার ব্যাকরণ এবং তাহাতে বাক্যগঠনে শব্দবিন্যাসের প্রণালী। বর্ত্তমানে ইংরেজী শিখিতে গিয়া আমাদের শিক্ষার্থীরা উহাদের কোনটাই ভালো করিয়া শিখিতেছে না। উক্ত তিনটি বিষয়ের মধ্যে আবার শব্দার্থ প্রধান, কারণ শব্দই ভাষার ইটকাঠ, উহা দিয়াই ভাষার ইমারত গড়িতে হয়। শব্দার্থজ্ঞানে ভ্রান্তি অথবা অসম্পূর্ণতা থাকিলে ভাষায় প্রকৃত অধিকার লাভ কখনই সম্ভব হইতে পারে না।

শব্দার্থ শিখিবার প্রধান উপায় অভিধান দেখা এবং বারবার দেখা। দেখিতে দেখিতে দেখিবার অভ্যাস গড়িয়া উঠে এবং অভিধানটি ভালো হইলে ব্যাখ্যাত শব্দগুলির প্রকৃত অর্থ শিক্ষার্থীদের মনে অনুপ্রবিষ্ট হইয়া যায়। কিন্তু অভিধানেরও ছোট বড় সহজ কঠিন আছে; অতিকায়

এবং ক্ষুদ্র ক্ষুদ্র সোজা বাঁকা অক্ষরের কণ্টকে কণ্টকিত অভিধান প্রথম শিক্ষার্থীদের আকৃষ্ট না করিয়া তাহাদের মনে বিভীষিকারই সৃষ্টি করে।

দেখিয়া প্রীত হইলাম যে নানা সদ্ গ্রন্থের যশস্বী প্রকাশক শ্রীযুক্ত সুরেশচন্দ্র দাস 'Common Words' নাম দিয়া প্রথম শিক্ষার্থী ও সামান্য শিক্ষিতদের উপযোগী একটি অতি উৎকৃষ্ট ইংরেজী-বাংলা অভিধান সঙ্কলন করিয়াছেন। তিনি উহাতে কোন কঠিন শব্দ প্রবেশ করান নাই, শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ইত্যাদি যোগ করিয়া দিয়া জটিলতাবৃদ্ধিও করেন নাই। তাঁহার উদ্দিষ্ট পাঠকদের অর্থ-জিজ্ঞাসা কি এবং কতটুকু হইতে পারে, তাহা তিনি নির্ভুলভাবে অনুমান করিয়া লইয়াছেন এবং ইংরেজী ভাষার বিস্তীর্ণ ভূমির যে ক্ষুদ্রাংশে তাহাদের গতিবিধি সীমাবদ্ধ থাকিবার কথা, সেই স্থানটুকুর মধ্যে যেসকল ইংরেজী শব্দের সঙ্গে তাহাদের সাক্ষাৎ হওয়া সম্ভব কেবলমাত্র তেমন পাঁচ হাজার শব্দ অতি যত্নের সহিত নির্ব্বাচন করিয়াছেন। শব্দগুলির অর্থ বা প্রতিশব্দ দিয়াছেন, উচ্চারণ দেখাইয়াছেন এবং একই শব্দের বিশেষ্য, বিশেষণ বা ক্রিয়াপদরূপে ব্যবহার থাকিলে তাহার বিভিন্নরূপের বিভিন্ন অর্থও দেখাইয়া দিয়া উহার ব্যাখ্যা সম্পূর্ণ করিয়াছেন। প্রতিশব্দগুলি সহজ ও যথাযথ হইয়াছে। বহুস্থলে কেবল-মাত্র কথা দিয়া শব্দটির ব্যাখ্যা শেষ না করিয়া সূচিত বস্তুটির চিত্রও যোগ করিয়া দিয়াছেন, যাহাতে উহার একটা দৃষ্টিগ্রাহ্য প্রতিরূপও শিক্ষার্থীর মনে ফুটিয়া উঠিয়া অর্থবোধটা সহজ করিয়া দেয়। আকারে ক্ষুদ্র, ওজনে লঘুভার, মুদ্রণে পরিপাটী এবং শব্দার্থের বিশুদ্ধির দিক দিয়া সম্পূর্ণ নির্ভরযোগ্য এই অভিধানটি সর্ব্বাংশে সুন্দর হইয়াছে।

যিনি যাহাই বলুন, ইংরেজী আমাদিগকে শিখিতেই হইবে। উহা শিখিবার সহায়ক এমন একটি উৎকৃষ্ট অভিধানগ্রন্থ প্রথম শিক্ষার্থীদের হাতে তুলিয়া দিলেন বলিয়া আমি শ্রীযুক্ত দাসকে অভিনন্দন জানাইতেছি।

শ্রীসুনীতিকুমার চট্টোপাধ্যায়

## সংকলয়িতার নিবেদন

আমাদের অভিজ্ঞতা হইতে দেখিতে পাই যে তিনটি বিশেষ প্রয়োজনে অভিধানের আবশ্যক হয়। প্রথমতঃ নির্ভুল বানান শিক্ষার ও সঠিক শব্দার্থবোধের জন্য, দ্বিতীয়তঃ অভিধানের সাহায্য ছাড়া কোন ভাষাই ভালভাবে আয়ত্ত করা যায় না এবং তৃতীয়তঃ একটি নূতন ভাষা শিখিতে আরম্ভ করিবার সময় হইতেই অভিধান দেখার অভ্যাস না করিলে নূতন নূতন শব্দের ঠিক ঠিক প্রয়োগও করা যায় না। উপরন্তু কোন কোন অজানা শব্দের একটা মনগড়া অর্থই তখন শিক্ষার্থীকে গ্রহণ করিতে হয়।

বালকবালিকাদের জন্য ইংরেজী ভাষায় রচিত ছোট ছোট অভিধান বহু আছে; কিন্তু বাজারে প্রচলিত ইংরেজী-বাংলা অভিধানগুলির বেশীর ভাগই ওজনে ভারী এবং আয়তনে বৃহৎ। এই সকল অভিধানে এমন অনেক শব্দ থাকে যেগুলি কোনদিনই নূতন শিক্ষার্থীদের প্রয়োজনে আসে না। এই অভিধানমহাসাগর হইতে একটি শব্দরত্ন খুঁজিয়া বাহির করা তাহাদের পক্ষে অনেক সময় অতিশয় আয়াস-সাধ্য, এমনকি অসম্ভব হইয়া পড়ে। ফলে, অভিধান দেখা তাহারা বিরক্তিকর মনে করে এবং উৎসাহও ক্রমশঃ কমিয়া আসে। পরে শব্দবিশেষের একটি অনুমানসিদ্ধ ভুল অর্থই প্রয়োজনের সময় কাজে লাগাইতে চেষ্টা করে।

প্রাথমিক বিদ্যালয় হইতে মাধ্যমিক বিদ্যালয় পর্যন্ত পাঠরত বালক-বালিকাদের ইংরেজী পাঠ্যপুস্তক এবং কিশোর বয়স্কদের উপযোগী সরল ইংরেজী ভাষায় রচিত জীবনী ও আখ্যায়িকা হইতে পাঁচ হাজার শব্দ চয়ন করিয়া Common Words নামে এই ইংরেজী-বাংলা অভিধান সংকলিত হইল। যে-সব শব্দ সাধারণতঃ এই বয়সের ছেলেমেয়েদের জানিবার তেমন আবশ্যক নাই সেগুলি বাদ দেওয়া হইল। নির্বাচিত শব্দের প্রতিশব্দ বা অর্থ সহজ কথায় এমনকি কোন কোন শব্দের ব্যাখ্যামূলক অর্থও দেওয়া হইল। আবার স্থলবিশেষে অর্থবোধ সুস্পষ্ট করিবার জন্য চিত্রের সহায়তা গ্রহণ করা হইয়াছে। আশা করি, চিত্রগুলি ছেলেমেয়েদিগকে অভিধান দেখিয়া নূতন নূতন ইংরেজী শব্দ শিখিবার প্রেরণা দিবে। অনেক ক্ষেত্রে, বিশেষতঃ পল্লীগ্রামের ছাত্রছাত্রীদের, ইংরেজী উচ্চারণ বলিয়া দিবার মত লোক বা গৃহশিক্ষক বড় একটা থাকে না। এই অসুবিধা দূর করিবার জন্য অভিধানে ধৃত প্রতিটি ইংরেজী শব্দের উচ্চারণ বাংলায়

দেওয়া হইয়াছে। যদিও এক ভাষার যথাযথ উচ্চারণ অন্য ভাষায় লিখিয়া প্রকাশ করা অত্যন্ত দুঃসাধ্য, তথাপি অতি সহজ পদ্ধতিতে বাংলা অক্ষরে ইংরেজী শব্দের যথাসম্ভব প্রকৃত উচ্চারণ দেখাইবার চেষ্টা করা হইয়াছে। ইহাতে অপরের সাহায্য ছাড়াই বালকবালিকারা মোটামুটি উচ্চারণ শিখিতে পারিবে। অভিধানটিকে সংক্ষিপ্ত আকারে রাখিবার জন্যই ইংরেজী শব্দগুলির পদপরিচয় ও ব্যুৎপত্তিগত অর্থ ইত্যাদি বর্জন করা হইয়াছে। আশা করি, শিক্ষার্থী বালকবালিকারা, সাধারণ ব্যবসায়ী, কারখানার করিগর বা অফিসের টাইপিস্ট, প্রত্যেকেরই এই অভিধান কাজে লাগিবে।

যে-সকল পথিকৃৎ সঙ্কলয়িতার অভিধান হইতে সাহায্য গ্রহণ করিয়াছি তাঁহাদের প্রত্যেকের নিকট কৃতজ্ঞতার সহিত ঋণ স্বীকার করি। অবসর-প্রাপ্ত প্রবীণ প্রধান শিক্ষক শ্রীযুক্ত বিধুরঞ্জন দাস, এম-এ, বি-টি ও আমার সহকর্মী শ্রীযুক্ত অর্দ্ধেন্দু মজুমদার অতিশয় নিষ্ঠার সহিত প্রুফ-সংশোধন কার্যে আমাকে সহায়তা করিয়াছেন। ইঁহাদের উভয়কেই আমার আন্তরিক ধন্যবাদ।

সহৃদয় শিক্ষক ও অভিভাবকগণের নিকট সনির্বন্ধ অনুরোধ, তাঁহারা এই গ্রন্থের ত্রুটি-বিচ্যুতি অনুগ্রহ করিয়া আমাদিগকে জানাইলে বিশেষ বাধিত হইব। পরিশেষে, যাহাদের জন্য এই অভিধান সঙ্কলিত হইল তাহারা যদি ইহা ব্যবহার করিয়া উপকৃত হয় তবেই আমাদের শ্রম সার্থক হইবে। ইতি

৪৪/১১ গরচা রোড, কলিকাতা-১৯
২৫-৩-৬৫

বিনীত
সুরেশচন্দ্র দাস

## দ্বিতীয় সংস্করণের ভূমিকা

এত অল্প সময়ের মধ্যে Common Words-এর দ্বিতীয় সংস্করণ প্রকাশ করা যাঁহাদের সৌজন্যে সম্ভব হইল সর্বাগ্রে তাঁহাদিগকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।

বর্তমান সংস্করণে কিছু কিছু নূতন শব্দ এবং ব্যাখ্যামূলক নূতন চিত্র সংযোজিত হইল। Hornby, Gatenby ও Wakefield-সংকলিত The Advanced Learner's Current English Dictionary ও Thorndike-কৃত Thorndike School Dictionary নামক দুইখানি বিখ্যাত ইংরেজী অভিধান অনুসরণ করিয়া প্রতিটি শব্দের অংশ-বিন্যাস

(syllable ভাগ) ও উচ্চারণ লিপিবদ্ধ করা হইল। কোন কোন ইংরেজী শব্দের অন্তর্ভুক্ত 'r' অতি অস্পষ্টভাবে উচ্চারিত হয়, বাংলায় উচ্চারণ লেখার সময় সেইরূপ ক্ষেত্রে 'র' বন্ধনীর মধ্যে দেওয়া হইল, যেমন car [কা(র)], tar [টা(র)], avert [য়্যাভা(র)ট্] ইত্যাদি। ইহা ছাড়া প্রথম শিক্ষার্থীর নিকট বিভ্রান্তিকর আর কোন প্রকার সাংকেতিক চিহ্ন ব্যবহার করা হয় নাই।

* * * * *

৪৪/১১ গরচা রোড, কলিকাতা-১৯ বিনীত
৭ই জানুআরি, ১৯৬৬ সুরেশচন্দ্র দাস

## তৃতীয় সংস্করণের ভূমিকা

প্রায় এক বৎসরের মধ্যে Common Words-এর দুইটি সংস্করণ নিঃশেষিত হওয়ায় ইহার প্রয়োজনীয়তা সম্বন্ধে আর কোন সংশয় রহিল না। সদাশয় শিক্ষক ও অভিভাবকগণের উৎসাহপূর্ণ পত্র ও বিদ্বজ্জনের অভিনন্দন আমাদিগকে মুগ্ধ করিয়াছে। আমাদের সকল পরিশ্রম সার্থক হইয়াছে জানিয়া কৃতার্থবোধ করিতেছি।

সম্প্রতি Common Words-এর তৃতীয় সংস্করণ প্রকাশিত হইল। এই সংস্করণে অনেক নূতন শব্দ ও ব্যাখ্যামূলক চিত্র সংযোজন এবং স্থানে স্থানে কিছু কিছু পরিবর্তন, পরিবর্জন ও পরিবর্ধন পরিলক্ষিত হইবে। Dr. Daniel Jones-এর ইংরেজী উচ্চারণের নির্ভরযোগ্য অভিধান Everyman's English Pronouncing Dictionary (Twelfth edition, 1964) অনুসরণ করিয়া ইংরেজী শব্দের উচ্চারণ সহজভাবে বাংলায় লিখিয়া দেওয়া হইল। প্রথম সংস্করণের ভূমিকায় আমরা উচ্চারণ সম্বন্ধে যে কথা বলিয়াছিলাম তাহাই এখানে পুনরুল্লেখ করিতেছি—'এক ভাষার যথাযথ উচ্চারণ অন্য ভাষায় লিখিয়া প্রকাশ করা অত্যন্ত দুঃসাধ্য' তথাপি যতটা সম্ভব অপরের সাহায্য না লইয়াও প্রায়-কাছাকাছি একটা উচ্চারণ ছেলেমেয়েরা শিখিতে পারিবে ইহাই আমাদের বিশ্বাস।

আমাদের পরম সুহৃদ্ ন্যাশনল্ লাইব্রেরীর ডেপুটি লাইব্রেরীয়ান জ্ঞান-তাপস শ্রীযুক্ত চিত্তরঞ্জন বন্দ্যোপাধ্যায় মহাশয়ের উপদেশে বর্তমান সংস্করণের উৎকর্ষ নানাভাবে সাধিত হইয়াছে। তাঁহার অকৃত্রিম বন্ধুপ্রীতি ও পরহিত-চিকীর্ষু চরিত্র কৃতজ্ঞতা প্রকাশের অপেক্ষা করে না।

গ্রন্থের কলেবর বৃদ্ধির সঙ্গে মুদ্রণব্যয়, কাগজ ও বাঁধাই খরচ বাড়িয়াছে; কিন্তু দেশের বর্তমান আর্থিক দুর্দিনের কথা চিন্তা করিয়া আমরা ইহার মূল্য বৃদ্ধি করিতে পারিলাম না। আশা করি, মহানুভব শিক্ষক ও অভিভাবকগণের নিকট Common Words-এর বর্তমান সংস্করণ অধিকতর উপযোগী বিবেচিত হইবে। উচ্চতর মাধ্যমিক মান পর্যন্ত ছেলেমেয়েরা এই অভিধান স্বচ্ছন্দে ব্যবহার করিতে পারিবে। ইতি

৪৪/১১ গরচা রোড, কলিকাতা
২রা জুলাই, ১৯৬৬

বিনীত
সুরেশচন্দ্র দাস

## কৃতজ্ঞতা নিবেদন

Common Words-এর গ্রন্থ-স্বত্ব আমার স্বর্গতা মাতার পুণ্য স্মৃতির উদ্দেশ্যে কৃত 'শরৎকামিনী ট্রাস্ট' নামক দাতব্য প্রতিষ্ঠানে অর্পণ করা হইয়াছে। জাতিধর্মনির্বিশেষে আর্থিক অভাবগ্রস্ত সহায়হীন মেধাবী ছাত্র-ছাত্রীর বিদ্যার্জনের ব্যয়নির্বাহে, নিরাশ্রয় রোগক্লিষ্টের সেবায়, সংসারবিবাগী সাধুসন্তের দূরদুর্গম তীর্থ-পর্যটনের পাথেয় প্রদানে ও অন্যান্য ধর্মীয় অনুষ্ঠানে এই গ্রন্থের যাবতীয় উপস্বত্ব ট্রাস্ট কর্তৃক সাধ্যমত ব্যয়িত হইতেছে।

যাঁহাদের সৌজন্য ও সহযোগিতায় আমার একটি বহু বাঞ্ছিত আকাঙ্ক্ষা পূরণের এমন সুযোগ পাইয়াছি, তাঁহাদের প্রত্যেককেই আমি কুণ্ঠাহীন কৃতজ্ঞতা ও আন্তরিক শ্রদ্ধা নিবেদন করি। ইতি

'মহেশপুরী'
পোঃ বলরাম ধর্মসোপান
খড়দহ, ২৪-পরগণা
২২ নবেম্বর, ১৯৬৯

অনুগ্রহধন্য
সুরেশচন্দ্র দাস

# A a

**a** [এ] একটি, এক, একখানি
**a back** [এ্যব্যাক্] পিছে হঠিয়া যাওয়া, থতমত খাওয়া
**a ban don** [য়্যাব্যান্ডন্] পরিত্যাগ করা
**ab do men** [য়্যাব্ড্যামেন্] উদর, তলপেট
**a bet** [য়্যাবেট্] উসকানি দেওয়া, কুকাজে সাহায্য করা, প্ররোচিত করা
**ab hor** [য়্যাব্হ(র্)] ঘৃণা করা, অবজ্ঞা করা
**a bide** [য়্যাবাইড্] থাকা, বাস করা **abiding** [য়্যাবাইডিং] স্থায়ী
**a bil i ty** [এ্যবিলিটি] সামর্থ্য, নৈপুণ্য, বিচক্ষণতা
**a blaze** [এ্যব্লেইজ্] জ্বলন্ত, বহ্নিমান, প্রজ্বলিত
**a ble** [এইব্ল্] সমর্থ, যোগ্য, **a bly** [এইব্লি] দক্ষতার সহিত
**ab nor mal** [য়্যাব্ন্য(র্)মেল্] অস্বাভাবিক, অনিয়মিত, সৃষ্টিছাড়া
**a board** [য়্যাবৌ(র্)ড্] জাহাজের বা রেলগাড়ীর মধ্যে বা উপরে
**a bode** [এ্যবৌড্] বাসস্থান, বসতি
**a bol ish** [এ্যবলিশ্] বিলোপ করা, রহিত করা
**ab o rig i nal** [য়্যাবরিজিন্যল্] আদিম, আদিম অধিবাসী সংক্রান্ত
**ab o rig i nes** [য়্যাব্অরিজিনিজ্] আদিম অধিবাসী, আদিবাসী
**a bound** [য়্যাবাউন্ড্] প্রচুর পরিমাণে থাকা, ভরপুর থাকা
**a bout** [য়্যাবাউট্] আশেপাশে, চারিদিকে, ইতস্তত, প্রায়, সম্বন্ধে
**a bove** [য়্যাবাব্] উপরে, উল্লিখিত, অতীত, ঊর্দ্ধে, ঊর্দ্ধলোক, স্বর্গ
**a bridge** [এ্যব্রিজ্] সংক্ষেপ করা, কাটছাঁট করা
**a broad** [য়্যাব্রড্] বিদেশে, ঘরের বাইরে, দেশান্তরে
**ab rupt** [য়্যাব্রাপ্ট্] অপ্রত্যাশিত, আকস্মিক, অতর্কিত
**ab scess** [য়্যাব্সিস্] ফোড়া, পূঁজসহ দেহের স্থান বিশেষের স্ফীতি
**ab scond** [য়্যাব্স্ক্যন্ড্] পলাইয়া যাওয়া, গোপনে সরিয়া পড়া
**ab sence** [য়্যাব্সেন্স্] অনুপস্থিতি, অভাব, বিচ্ছেদ, অনবধানতা
**ab sent** [য়্যাব্সেন্ট্] অনুপস্থিত, অবিদ্যমান
**ab sen tee** [য়্যাব্সেন্টি] অনুপস্থিত ব্যক্তি
**ab sorb** [য়্যাব্স(র্)ব্] শোষণ করা, গ্রাস করা, নিজস্ব করা
**ab stract** [য়্যাবস্ট্র্যাকট্] সূক্ষ্ম, সংক্ষিপ্তসার, সার গ্রহণ করা

**ab surd** [য়্যাব্‌সা(র্‌)ড্‌] অসঙ্গত, অর্থশূন্য, হাস্যাস্পদ
**a bun dance** [এ্যবান্‌ড্যান্‌স্‌] প্রাচুর্য, বাহুল্য, অঢেল, অফুরন্ত
**ab use** [য়্যাব্যুস্‌, য়্যাব্‌ইউজ্‌] বেইজ্জৎ করা, অপব্যবহার করা
**ab u sive** [য়্যাব্যুসিভ্‌] অপমানকর, ইতর, কুৎসাপূর্ণ, কর্কশ
**a cad e my** [য়্যাক্যাড্যমি] বিদ্যাপীঠ, উচ্চবিদ্যালয়, সারস্বত সমাজ
**ac cel er ate** [য়্যাক্‌সেল্যরেইট্‌] ত্বরিত করা, গতিবৃদ্ধি করা
**ac cent** [য়্যাক্‌সেন্‌ট্‌] উচ্চারণের ঢং, স্বরচিহ্ন, জোর দেওয়া
**ac cept** [য়্যাক্‌সেপ্‌ট্‌] গ্রহণ করা, মানিয়া লওয়া, স্বীকার করা
**ac cess** [য়্যাক্‌সেস্‌] প্রবেশ, প্রবেশ-পথ, সান্নিধ্য লাভ
**ac ci dent** [য়্যাক্‌সিডেণ্ট্‌] আকস্মিক ঘটনা, দুর্ঘটনা; **-al** আকস্মিক
**ac com mo date** [য়্যাকম্যডেইট্‌] ব্যবস্থা করা, সংস্থান করা
**ac com mo da tion** [য়্যাকম্যডেইশন্‌] বাসস্থান, ঋণ, সাহায্য
**ac com pa ny** [য়্যাকামপেনি] সঙ্গে যাওয়া, সাথী হওয়া
**ac com plice** [য়্যাকম্‌প্লিস্‌] কুকাজের সাথী, সহকারী, সঙ্গী
**ac com plish** [য়্যাক্যম্‌প্লিশ্‌] সমাধা করা, নিষ্পন্ন করা
**ac count** [য়্যাকাউন্‌ট্‌] হিসাব, বিবরণ, হিসাব রাখা
**ac cu rate** [য়্যাক্যুরিট্‌] যথাযথ, ঠিকঠাক, নির্ভুল, শুদ্ধ, যথার্থ
**ache** [এইক্‌] অবিরাম বেদনা, অনেকক্ষণ স্থায়ী বেদনা
**ac id** [য়্যাসিড্‌] অম্ল পদার্থ বিশেষ, কটু, এসিড্‌
**ac know ledge** [য়্যাক্‌নলিজ্‌] স্বীকার করা, মানিয়া লওয়া
**ac quire** [য়্যাক্বইআ(র্‌)] অর্জন করা, লাভ করা
**a cre** [এইকা(র্‌)] ৪৮৪০ বর্গগজ পরিমিত জমি
**ac ro bat** [য়্যাক্র্যব্যাট্‌] শারীরিক কসরৎবিদ্‌
**a cross** [য়্যাক্রস্‌] অন্য পারে, আড়াআড়িভাবে
**act** [য়্যাক্‌ট্‌] আচরণ, কর্ম, আইন, অভিনয় করা, করা
**ac tion** [য়্যাক্‌শন্‌] ক্রিয়া, অভিযোগ, কাজ
**ac tive** [য়্যাক্‌টিভ্‌] চটপটে, কর্মঠ, সকর্মক
**ac tor** [য়্যাক্‌ট(র্‌)] অভিনেতা **ac tress** [য়্যাক্‌ট্রিস্‌] অভিনেত্রী
**ac tu al** [য়্যাক্‌চ্যুয়্যাল্‌] যথাযথ, প্রকৃত, সঠিক
**a cute** [য়্যাক্যুট্‌] সূক্ষ্মাগ্র, তীক্ষ্ণ, তীব্র
**add** [য়্যাড্‌] যোগ করা, আরও বলা, সংযোজিত করা
**ad der** [য়্যাডা(র্‌)] কেউটেজাতীয় সাপ বিশেষ

acrobat

adder

**ad di tion** [য়্যাডিশন্] যোগ, সংযোজন **ad di tion al** অতিরিক্ত, ফালতু
**ad dress** [য়্যাড্রেস্] ঠিকানা, বক্তৃতা, ভাষণ, সম্ভাষণ করা
**a dept** [য়্যাডেপ্ট্] সুদক্ষ ব্যক্তি, সুনিপুণ
**ad e quate** [য়্যাড্ইক্কইট্] যথেষ্ট, পর্যাপ্ত, যথোচিত
**ad here** [য়্যাড্হিয়া(র্)] লাগিয়া থাকা, সংলগ্ন হওয়া
**ad he sive** [য়্যাড্হিসিভ্] আঠা, আঠাল, চটচটে, সংলগ্নশীল
**ad hoc** [য়্যাড্হ'ক্] এই কারণে, বিশেষ উদ্দেশ্যে, তদর্থক
**ad jacent** [য়্যাড্জেইসণ্ট] নিকটস্থ, পার্শ্ববর্তী, আসন্ন
**ad jec tive** [য়্যাড্জিক্টিভ্] বিশেষণ, গুণবাচক শব্দ
**ad join** [য়্যাড্জয়িন্] সংযুক্ত করা, সংলগ্ন থাকা; **-ing** সংলগ্ন, পাশের
**ad journ** [য়্যাড্জ্য(র্)ন্] স্থগিত রাখা, মুলতুবি রাখা
**ad just** [য়্যাড্জাস্ট্] মিটান, নিষ্পত্তি করা, যথাস্থানে রাখা
**ad mi ra ble** [য়্যাড্মির‍্যবল্] প্রশংসনীয়, শ্লাঘার বিষয়, শ্লাঘ্য
**ad miral** [য়্যাড্মির‍্যেল্] প্রধান নৌসেনাপতি
**ad mire** [য়্যাড্মাইয়া(র্)] সানন্দে প্রশংসা করা, শ্রদ্ধা করা
**ad mis sion** [য়্যাড্মিশন্] ভর্তি, প্রবেশাধিকার, স্বীকৃতি
**ad mit** [য়্যাড্মিট্] ভর্তি করা, স্বীকার করা, প্রবেশ করিতে দেওয়া
**ad mon ish** [য়্যাড্মনিশ্] মৃদু তিরস্কার করা, সমঝাইয়া দেওয়া
**a dopt** [য়্যাডপ্ট্] গ্রহণ করা, অবলম্বন করা, পোষ্য গ্রহণ করা
**a dore** [য়্যাড্য(র্)] পূজা করা, অতিশয় সম্মান করা
**a dorn** [য়্যাড্য(র্)ন্] অলঙ্কৃত করা, সুশোভিত করা
**a dult** [য়্যাডালট্] প্রাপ্তবয়স্ক, যুবা, বয়ঃপ্রাপ্ত ব্যক্তি
**ad ul ter ate** [য়্যাডাল্টারেইট্] ভালতে খারাপ মিশানো, ভেজাল দেওয়া
**ad vance** [য়্যাড্ভান্স্] বায়না, দাদন, আগাম দেওয়া, অগ্রসর হওয়া
**ad van tage** [য়্যাড্ভান্টিজ্] সুবিধা, সুযোগ, প্রাধান্য
**ad vent** [য়্যাড্ভেণ্ট্] আবির্ভাব, শুভাগমন, অভিবর্তন
**ad ven ture** [য়্যাড্ভেন্চা(র্)] দুঃসাহসিক কার্য, অভিযান, ঝুঁকির কাজ
**ad ver si ty** [য়্যাড্ভা(র্)সিটি] দুর্দৈব, বিপদ আপদ, দুর্বিপাক
**ad ver tise** [য়্যাড্ভা(র্)টাইজ] বিজ্ঞাপন করা, জাহির করা
**ad ver tise ment** [য়্যাড্ভা(র্)টিজমেণ্ট্] বিজ্ঞাপন, ঘোষণা
**ad vice** [য়্যাড্ভাইস্] পরামর্শ, উপদেশ, সংবাদ, নির্দেশ
**ad vise** [য়্যাড্ভাইজ্] নির্দেশ দেওয়া, পরামর্শ দেওয়া

**ad vo cate** [য়্যাড্‌ভ্যকেইট্‌] ওকালতি করা, সমর্থন করা, উকীল
**aerate** [এইয়ারেইট্‌] বাতাস ভরা, বায়ুপূর্ণ করা, গ্যাস ভরা
**aer a ted water** [এইয়ারেইটেড্‌ ওয়্যটা(র্‌)] সোডা বা লেমনেড্‌ প্রভৃতি
**aer i al** [এআরিয়্যাল্‌] বায়বীয়, এরিয়েল (রেডিওর তার বিশেষ)
**aer o drome** [এআর‍্যাড্রোম্‌] বিমানঘাঁটি
**aer o naut** [এআর‍্যনট্‌] বৈমানিক, বিমানচালক
**aer o plane** [এআর‍্যপ্লেন্‌] বিমান, ব্যোমযান, উড়াকল, বায়ুরথ, বায়ুপোত
**af fair** [য়্যাফেআ(র্‌)] ব্যাপার; বিষয় **af fairs** বিষয়কর্ম
**af fect** [য়্যাফেক্‌ট্‌] প্রভাবিত করা, মর্মস্পর্শ করা
**af fec tion** [য়্যাফেক্‌শ্যন্‌] প্রীতি, স্নেহ, অনুরাগ, মমতা
**af fec tion ate** [য়্যাফেক্‌শনিট্‌] স্নেহশীল, অনুরাগী
**affiliate** [এ্যাফিলিয়েইট্‌] অন্তর্ভুক্ত করা, গ্রহণ করা
**af fin i ty** [এ্যাফিনিটি] মিল, সাদৃশ্য
**af fix** [য়্যাফিক্‌স্‌] সংবদ্ধ করা, সংলগ্ন করা
**af ford** [য়্যাফ্যা(র্‌)ড্‌] সময় অর্থ বা শারীরিক শক্তি দিতে সমর্থ হওয়া
**af raid** [য়্যাফ্রেইড্‌] ভীত, আতঙ্কিত
**af ter** [আফ্‌ট্যা(র্‌)] পরে, অনুসন্ধানে, অনুসরণে, ধরণে
**af ter math** [আফ্‌টা(র্‌)ম্যাথ্‌] পরিণতি, অনুগামী
**af ter noon** [আফ্‌ট্যা(র্‌)নুন্‌] অপরাহ্ণ, দুপুরের পর
**af ter wards** [আফ্‌ট্যা(র্‌)ওয়্যা(র্‌)ড্‌স্‌] পরে, পরবর্তীকালে, শেষে
**a gain** [এগেইন্‌] পুনরায়, আবার, পক্ষান্তরে
**a gainst** [এগেইন্‌স্ট্‌] বিরুদ্ধে, বিপক্ষে
**age** [এইজ্‌] যুগ, বয়স, বৃদ্ধ হওয়া
**aged** [এইজিড্‌] প্রাপ্তবয়স্ক, বৃদ্ধ, প্রবীণ
**a gen cy** [এইজেন্‌সি] প্রতিনিধি হিসাবে কার্য করিবার সংস্থা, মাধ্যম
**agenda** [এজেন্‌ডা] সভায় আলোচ্য বিষয়-সূচী
**a gent** [এইজেন্‌ট্‌] প্রতিনিধি, আইনগত উপদেষ্টা, কার্যকারক বস্তু
**ag gre vate** [য়্যাগ্রিভেইট্‌] খেপাইয়া তোলা, তীব্রতা বাড়ান, উত্তেজিত করা
**ag gre gate** [য়্যাগ্রিগিট্‌] সমষ্টি, সমূহ, মোটামুটি, সর্বসাকুল্য
**ag gres sion** [য়্যাগ্রেইশ্যন্‌] প্রথম আক্রমণ
**ag gres sive** [য়্যাগ্রেসিভ্‌] আক্রমণাত্মক, আক্রমণশীল
**ag gres sor** [য়্যাগ্রেস(র্‌)] প্রথম আক্রমণকারী

**ag ile** [য়্যাজাইল্] তৎপর, চট্‌পটে **a gil i ty** [এ্যাজিলিটি] চপলতা
**ag i ta tion** [য়্যাজিটেইশন্] আলোড়ন, আন্দোলন, হট্টগোল
**a go** [এগো] আগে, অতীতে, পূর্বে
**ag o ny** [য়্যাগ্যনি] মনস্তাপ, নিদারুণ যন্ত্রণা
**a gree** [এগ্রি] একমত হওয়া, সম্মত হওয়া, খাপ খাওয়া
**a gree able** [এগ্রিয়েবল্] মনোরম, প্রীতিকর, সম্মত
**a gree ment** [এগ্রিমেণ্ট্] চুক্তি, সন্ধি, ঐক্য
**ag ri cul ture** [য়্যাগ্রিকালচা(র্)] কৃষিকর্ম, কৃষিবিদ্যা, চাষবাস
**aground** [য়্যাগ্রাউনড্] অগভীর জলের তলায় বা চড়ায় আটকানো
**a head** [য়্যাহেড্] সম্মুখে, আগে
**aid** [এইড্] সাহায্য, সহায়ক, সাহায্য করা
**aid-de-camp** [এইড্‌ড্যাকং] সেনাধ্যক্ষের বা রাজ্যপালের পার্শ্বচর
**ail ment** [এ(ই)ল্‌মেণ্ট্] পীড়া, রোগ
**aim** [এইম্] লক্ষ্য, লক্ষ্য করা, তাক করা, উদ্দেশ্য করা
**aim less** [এইম্‌লিস্] এলোপাথাড়ি, উদ্দেশ্যবিহীন
**air** [এয়া(র্)] বায়ু, আবহাওয়া, চালচলন, ভাবভঙ্গী
**air craft** [এয়া(র্)ক্র্যাফ্‌ট্] বিমানপোত, এরোপ্লেন

aircraft-carrier

**air craft-carrier** [এয়া(র্)ক্র্যাফ্‌ট্ কেরিআ(র্)] বিমান বহনের জাহাজ। ইহাতে বিমান নামিবার ও উড়িবার ডেক থাকে
**air force** [এয়া(র্)ফোরস্] বিমান-বাহিনী
**air liner** [এয়া(র্)লাইনা(র্)] যাত্রীবাহী বিমান
**air man** [এয়া(র্)ম্যান্] বৈমানিক, বিমানচালক
**air plane, aeroplane** [এয়া(র্)প্লেইন্] বিমানপোত
**air pocket** [এয়া(র্)পকেট্] আকাশ পথে যেখানে বায়ুর চাপ কম
**air port** [এয়া(র্)পো(র্)ট্] বিমানবন্দর, বিমানঘাঁটি
**air-raid** [এয়া(র্)রেইড্] বিমান আক্রমণ
**air ship** [এয়া(র্)শিপ্] যন্ত্রচালিত বৃহদাকার বেলুন
**air tight** [এয়া(র্)টাইট্] বায়ুরোধক, যেখানে হাওয়া যাইতে পারে না
**airtrans port** [এয়া(র্)ট্রান্‌স্‌পোর্‌ট্] বিমান-পরিবহন
**air y** (এয়ারি) বায়ুময়, অসার, ফাঁকা
**a jar** [য়্যাজা(র্)] অল্প খোলা, আধ-ভেজানো (দরজা বা জানালা)
**a kin** [য়্যাকিন্] সদৃশ, অনুরূপ, একই রকমের

**a larm** [য়্যালা(র্)ম্] বিপদসঙ্কেত, আকস্মিক ভয়, সজাগ করা
**a las** [য়্যালাস্] হায়, হায়রে
**al bum** [য়্যালবাম্] ছবি বা টিকেট রাখার খাতা বিশেষ, চিত্রবহা
**al der man** [অলডা(র্)ম্যান্] অল্ডারম্যান, পৌরসভার সদস্য বিশেষ
**a lert** [য়্যালা(র্)ট্] সতর্ক, তৎপর, সাবধান-সঙ্কেত বা সতর্ক করা
**al ge bra** [য়্যালজিব্রা] বীজগণিত
**a li as** [এইলিয়াস্] ওরফে, উপনাম
**al ien** [এইল্যেন্] বিরোধী, বেমানান, বিদেশী, বহিরাগত
**al ien ate** [এইল্যেনেইট্] পর করা, হস্তান্তর করা, শত্রু করা
**a light** [য়্যালাইট্] অবতরণ করা, (গাড়ী ঘোড়া হইতে নামা), জ্বলন্ত
**a like** [য়্যালাইক্] সদৃশ, একই প্রকার, সমভাবে
**a live** [য়্যালাইভ্] জীবিত, সজীব, চট্পটে, সচেতন
**al ka li** [য়্যাল্ক্যালি] ক্ষার বা সোডার ন্যায় পদার্থ
**all** [অল্] সব, সকল, নিখিল, সমুদয়, সমস্ত, প্রত্যেক
**al lay** [য়্যালেই] প্রশমিত করা, উত্তেজনা হ্রাস করা, দূর করা
**al le ga tion** [য়্যালিগেশন্] প্রমাণ ছাড়া দোষারোপ, অপ্রমাণিত অভিযোগ
**al lege** [য়্যালেজ্] আরোপ করা, ওজর স্বরূপ উপস্থিত করা
**al le go ry** [য়্যালিগ্যারি] রূপক, দৃষ্টান্ত-কাহিনী
**al ley** [য়্যালি] সরুগলি, উদ্যান-পথ
**al li ance** [য়্যালাইয়্যান্স্] সম্পর্ক, সন্ধি, মিলন
**al li ga tor** [য়্যালিগেইট(র্)] বড় কুমীর
**al lo cate** [য়্যাল্যকেইট্] স্থান নির্দেশ করা, অংশ বণ্টন করা
**al lot ment** [য়্যালট্মেণ্ট্] নির্দিষ্ট অংশ, আবণ্টন
**allow** [য়্যালাউ] মানিয়া লওয়া, অনুমতি দেওয়া, আরোপ করা
**al low ance** [এ্যলাউয়্যান্স্] ভাতা, বৃত্তি, ধরাট, বাদসাদ
**al lude** [য়্যাল্যুড্] আভাস দেওয়া
**al lure** [য়্যাল্যু(র্)] প্রলুব্ধ করা, লোভ দেখান
**al lusion** [য়্যাল্যুজন্] পরোক্ষ উল্লেখ, ইঙ্গিত
**al mighty** [অল্মাইটি] সর্বশক্তিমান
**al mond** [আমন্ড্] বাদাম
**al most** [অল্মৌস্ট্] প্রায়, মোটামুটি
**alms** [আমজ্] ভিক্ষা, দান

alligator

**a lone** [য়্যালোন্] একাকী, কেবল মাত্র
**a long** [য়্যালং] একটানা, পুরাপুরি, সহিত
**aloof** [এলুফ্] পৃথকভাবে, তফাতে, একান্তে
**a loud** [য়্যালাউড্] উচ্চৈঃস্বরে
**al pha bet** [য়্যালফাবিট্] বর্ণমালা, অ আ ক খ
**al ready** [অল্‌রেডি] ইতিপূর্বে, ইতিমধ্যে, পূর্বেই
**al right** [অল্‌রাইট্] ঠিক, বেশ
**al so** [অল্‌সো] অধিকন্তু, আরও, ও
**al tar** [অল্‌টা(র্)] পূজাবেদী **alter** [অল্‌টা(র্)] পরিবর্তন করা
**al though** [অল্‌দো] যদিও
**al to gether** [অল্‌ট্যগেদা(র্)] সবশুদ্ধ, সর্বসাকুল্যে
**alum** [য়্যালাম্] ফিটকিরি
**al ways** [অল্‌ওয়েইজ্] সর্বদা, চিরকাল
**a mass** [য়্যাম্যাস্] স্তূপাকার করা, সঞ্চয় করা (ধনদৌলত)
**am a teur** [য়্যামেট্য(র্)] আনাড়ী, অপেশাদার, সখের দল
**a maze** [য়্যামেইজ্] বিস্ময়বিহ্বল করা, চমৎকৃত করা
**am bas sa dor** [য়্যাম্‌ব্যাস্যাড(র্)] রাজদূত, রাষ্ট্রদূত
**am ber** [য়্যাম্‌বা(র্)] পীতাভ, হলুদবাদামী মিশ্রিত রং
**am bi tion** [য়্যাম্‌বিশ্যন্] বাসনা **am bi tious** [য়্যাম্‌বিশ্যস্] উচ্চাভিলাষী
**a. m.** [এ-এম্] **ante meridiem** [এণ্টি মেরিডিয়েম্] দুপুরের পূর্বে
**am bu lance** [য়্যাম্‌ব্যুলেন্‌স্] রুগ্ন ও আহতদের পরিবহনের গাড়ী
**a men** [আমেন্] তথাস্তু, তোমার ইচ্ছাই পূর্ণ হোক, শান্তি!
**a mend** [য়্যামেনড্] সংশোধন করা
**amenity** [এ্যমিনিটি] আয়েশ-আরাম, আরাম-ব্যবস্থা
**a mi a ble** [এমিএবল্] প্রিয়, প্রীতিপদ, মধুর স্বভাব
**a mi ca ble** [য়্যামিক্যাবল্] সৌহার্দ্যপূর্ণ, বন্ধুভাবে, আপোষে
**a mid** [য়্যামিড্] মধ্যে, মধ্যভাগে
**a miss** [য়্যামিস্] অসঙ্গত, অন্যায়, অযথাভাবে
**am i ty** [য়্যামিটি] ঐক্য, মৈত্রী, সদ্ভাব
**am mu ni tion** [য়্যাম্যুনিশন্] (বন্দুকের) গুলি, বারুদ, বোমা ইত্যাদি
**a mong** [য়্যামাং] দুইটির বেশীর মধ্যে, ভিতরে
**a mount** [য়্যামাউন্‌ট্] মোট পরিমাণ, পরিমাণ

altar

**ample** [য়্যাম্‌পল্‌] প্রচুর, পর্যাপ্ত
**am pli fy** [য়্যাম্‌প্লিফাই] সম্প্রসারণ করা, রেডিও ইত্যাদির শব্দ বাড়ানো
**am pu tate** [য়্যাম্‌প্যুটেইট্‌] অঙ্গপ্রত্যঙ্গ কাটিয়া ফেলা
**a mu let** [য়্যাম্‌লিট্‌] মাদুলি, কবচ, তাবিজ

amulet

**a muse** [য়্যাম্যুজ্‌] মনোরঞ্জন করা, কৌতূহল জাগান
**a muse ment** [য়্যাম্যুজ্‌মেন্‌ট্‌] আমোদ-প্রমোদ, ক্রীড়াকৌতুক
**an** [য়্যান্‌] একটি, একজন
**a nal o gy** [এ্যান্যালজি] উপমা, সমতা-সাদৃশ্য
**an a lyse** [য়্যান্যালাইজ্‌] নিরীক্ষণ করা, বিশ্লেষণ করা
**an ar chist** [য়্যানা(র্‌)কিস্‌ট্‌] বিদ্রোহী, সন্ত্রাসবাদী
**an ar chy** [য়্যানা(র্‌)কি] অরাজকতা, নৈরাজ
**an ces tor** [য়্যান্‌সিস্‌ট(র্‌)] পূর্বপুরুষ, পিতৃপুরুষ
**an chor** [য়্যাংকা(র্‌)] নোঙ্গর, নোঙ্গর করা

anchor

**an cient** [এইন্‌শেন্‌ট্‌] প্রাচীন, অতিশয় বৃদ্ধ, পূর্বকালের
**and** [য়্যান্‌ড্‌] এবং, ও
**an ec dote** [য়্যানিকডৌট্‌] আখ্যায়িকা, উপাখ্যান, কাহিনী
**a new** [য়্যান্যু] পুনরায়, নূতন করিয়া
**an gel** [এইন্‌জেল্‌] দেবদূত, ফেরশ্‌তা
**an ger** [য়্যাংগা(র্‌)] ক্রোধ, রাগ, রুষ্ট করা, রাগান
**an gle** [য়্যাংগ্‌ল্‌] কোণ, বঁড়শিতে মাছ ধরা
**an gler** [য়্যাংগ্লা(র্‌)] যে ছিপে ও বঁড়শীতে মাছ ধরে
**an gry** [য়্যাংগ্রি] রাগান্বিত, ক্রুদ্ধ, রুষ্ট **angrily** উত্তেজিতভাবে
**an i mal** [য়্যানিম্যাল্‌] প্রাণী, জন্তু, পশু
**an kle** [য়্যাংকল্‌] পায়ের গাঁট, গুল্‌ফ
**an nals** [য়্যানাল্‌জ্‌] ইতিবৃত্ত, ঘটনাপঞ্জী, বৃত্তান্ত
**an nex** [য়্যানেক্‌স্‌] অধিকার করা, যুক্ত করা
**an ni hi late** [এ্যনাইয়িলেইট্‌] নির্মূল করা, ধ্বংস করা
**an ni ver sa ry** [য়্যানিভা(র্‌)স্যারি] বার্ষিকী
**an no tate** [য়্যানৌটেইট্‌] ভাষ্য বা টীকা লেখা, শব্দার্থ ব্যাখ্যা করা
**an nounce** [য়্যানাউন্‌স্‌] ঘোষণা করা
**an noy** [য়্যানয়ই] বিরক্ত করা, জ্বালাতন করা
**an nu al** [য়্যান্যুয়্যাল্‌] বাৎসরিক, বার্ষিক

**an oth er** [য়্যানাদা(র্)] অপর কেহ, আরেকজন
**an swer** [আন্‌সা(র্)] উত্তর, জবাব, কৈফিয়ৎ
**ant** [য়্যান্‌ট্] পিঁপড়া, পিপীলিকা
**an ti ci pate** [য়্যান্‌টিসিপেইট্] আঁচ পাওয়া, প্রত্যাশা করা
**an vil** [য়্যান্‌ভিল্] কামারের নেহাই

anvil

**anx i e ty** [য়্যাংজাইএটি] উৎকণ্ঠা, অস্থিরতা, উদ্বেগ
**anxious** [য়্যাংক্‌শ্যস্] চিন্তিত, আশঙ্কাগ্রস্ত, উৎকণ্ঠিত, অস্থির
**an y** [এনি] কেহ, কোন কিছু, **an y how** যে ভাবেই হউক
**a part** [য়্যাপা(র্)] একান্তে, পৃথকভাবে
**a part ment** [য়্যাপা(র্)ট্‌মেণ্ট] কুঠরী, বড় বাড়ীর ছোট ছোট অংশ
**ape** [এইপ্] লেজহীন দীর্ঘ বাহু গরিলা, শিম্পাঞ্জী জাতীয় বানর
**a pex** [এইপেক্‌স্] চূড়া, শৃঙ্গ
**a pol o gise** [য়্যাপল্যজাইজ্] দুঃখের সহিত দোষ স্বীকার করা
**a pol o gy** [য়্যাপলজি] দুঃখ প্রকাশ, ক্ষমা প্রার্থনা
**ap pa ra tus** [য়্যাপারেইট্যস্] যন্ত্রপাতি, যন্ত্রতন্ত্র
**ap pa rel** [য়্যাপ্যারেল্] পোষাক
**ap par ent** [য়্যাপারেন্‌ট্] স্পষ্টভাবে প্রতীয়মান, দৃশ্যমান
**ap pa ri tion** [য়্যাপ্যরিশন্] প্রেত, অপদেবতা
**ap peal** [য়্যাপীল্] আবেদন করা, মর্মস্পর্শীভাবে বলা, আপীল করা
**ap pear** [য়্যাপীয়া(র্)] দৃষ্টিগোচর হওয়া, হাজির বা উপস্থিত হওয়া
**ap pear ence** [এ্যপিআরেন্‌স্] প্রকাশ, আবির্ভাব, রূপ, মুখশ্রী
**ap pease** [য়্যাপীজ্] প্রশমিত করা, তৃপ্ত করা, শান্ত করা
**ap pend** [য়্যাপেন্‌ড্] ঝুলানো, সংযোজিত করা
**ap pen dix** [য়্যাপেন্‌ডিক্‌স্] পরিশিষ্ট, উপাঙ্গ
**ap pe tite** [য়্যাপিটাইট্] ক্ষুধা, আহারে রুচি, প্রবৃত্তি

apple

**ap ple** [য়্যাপ্‌ল্] আপেল ফল **apple of the eye** নয়নমণি
**ap pli ca ble** [য়্যাপ্লিক্যেব্‌ল্] প্রযোজ্য, প্রাসঙ্গিক
**ap pli cant** [য়্যাপ্লিক্যান্‌ট্] প্রার্থী, আবেদনকারী, উমেদার
**ap pli ca tion** [য়্যাপ্লিকেইশন্] আবেদন, দরখাস্ত-পত্র
**ap ply** [য়্যাপ্লাই] লাগান, প্রয়োগ করা, খাটা, আবেদন করা
**ap point** [য়্যাপয়েণ্ট্] নিযুক্ত করা, ধার্য করা
**ap pre ci ate** [য়্যাপ্রিশিয়েইট্] উপলব্ধি করা, গুণ গ্রহণ করা, দাম বাড়া

**ap pren tice** [য়্যাপ্রেন্‌টিস্‌] শিক্ষানবীশ, প্রথম শিক্ষার্থী
**ap proach** [য়্যাপ্রৌচ্‌] প্রবেশ পথ, সমীপবর্তী হওয়া, সম্মুখীন হওয়া
**ap prov al** [য়্যাপ্রুভ্যাল্‌] অনুমোদন, উৎকৃষ্ট বলিয়া স্বীকৃতি
**ap prove** [য়্যাপ্রুভ্‌] সমর্থন করা, অনুমোদন করা
**ap prox i mate** [এ্যপপ্রক্‌সিমিট্‌] কাছাকাছি, প্রায় যথাযথ
**A pril** [এইপ্রিল্‌] ইংরেজী বৎসরের চতুর্থ মাস এপ্রিল
**a pron** [এইপ্রন্‌] পোষাক-আবরণী, আচ্ছাদক, অ্যাপ্রন
**apt** [য়্যাপ্‌ট্‌] যথাযথ, উপযুক্ত, সঠিক
**a quat ic** [এক্কোয়্যাটিক্‌] জলচর, জলজ
**arc** [আ(র্‌)ক্‌] বৃত্তাংশ, চাপ
**arch** [আ(র্‌)চ্‌] খিলান, সর্বপ্রধান
**ar chae ol o gy** [আ(র্‌)কিঅলজি] প্রত্নতত্ত্ব, প্রত্নবিদ্যা
**arch er** [আ(র্‌)চা(র্‌)] ধনুর্ধর, তীরন্দাজ
**ar chi tect** [আ(র্‌)কিটেক্‌ট্‌] স্থপতি, নির্মাতা, রচয়িতা
**ar chi tec ture** [আ(র্‌)কিটেক্‌চা(র্‌)] স্থাপত্যশিল্প, নির্মাণকৌশল
**ar chives** [আ(র্‌)কাইভ্‌জ্‌] ঐতিহাসিক দলিলপত্র রাখার স্থান
**arc tic** [আ(র্‌)ক্‌টিক্‌] উত্তর মেরু সম্বন্ধীয়
**ar dent** [আ(র্‌)ডোন্‌ট্‌] উৎসাহী, ব্যগ্র
**are** [আ(র্‌)] হয়
**ar e a** [এইরিয়া] ক্ষেত্র, অঞ্চল, আয়তন
**ar gue** [আ(র্‌)গ্যু] তর্ক করা
**ar gu ment** [আ(র্‌)গুমেণ্ট্‌] যুক্তি
**ar id** [য়্যারিড্‌] শুষ্ক, নীরস (মাটি)
**a right** [য়্যারাইট্‌] যথাযথভাবে, ঠিকমত
**a rise** [এ্যরাইজ্‌] উঠা, শয্যাত্যাগ করা
**ar is to crat** [য়্যারিস্‌টক্র্যাট্‌] মানী ব্যক্তি, সম্ভ্রান্ত ব্যক্তি
**a rith me tic** [য়্যারিথ্‌মেটিক্‌] পাটীগণিত
**ark** [আ(র্‌)ক্‌] নৌকা, পেটিকা, বাইবেলের নোওয়ার নৌকা
**arm** [আ(র্‌)ম্‌] বাহু, হাতল, অস্ত্র ধারণ করা, (বহুবচনে) অস্ত্রশস্ত্র
**ar ma ment** [আ(র্‌)মামেণ্ট্‌] যুদ্ধের উপকরণ, সমরসজ্জা
**arm chair** [আ(র্‌)ম্‌ চেয়া(র্‌)] আরাম-কেদারা
**ar mis tice** [আ(র্‌)মিস্‌টিস্‌] দুই পক্ষের সম্মতিক্রমে সাময়িক যুদ্ধ-বিরতি

arch

architecture

**ar mour** [আ(র্)মা(র্)] বর্ম
**ar moured car** সাঁজোয়া গাড়ী
**ar moury** [আ(র্)ম্যারি] অস্ত্রাগার
**ar my** [আ(র্)মি] সৈন্যবাহিনী
**around** [এ্যরাউন্ড্] চতুর্দিকে, ইতস্ততঃ
**a rouse** [এ্যরাউজ্] জাগান, উত্তেজিত করা
**arrange** [এ্যরেইন্জ্] সাজান, সুবিন্যস্ত করা, স্থির করা, নির্দিষ্ট করা
**ar ray** [এ্যরেই] শ্রেণীবদ্ধভাবে সাজান, শ্রেণী
**ar rears** [এরিয়া(র্)জ্] বাকী-পড়া টাকা, দেনা বা কাজ
**ar rest** [এ্যরেস্ট্] গ্রেফ্তার করা, রোধ করা
**ar ri val** [এ্যরাইভ্যাল্] আগমন, উপস্থিতি
**ar rive** [এ্যরাইভ্] পেঁছান, উপস্থিত হওয়া
**ar row** [য়্যারো] তীর, বাণ
**ar son** [আ(র্)সন্] বেআইনীভাবে লাগানো আগুন, অগ্নি-সংযোগ
**art** [আ(র্)ট্] দক্ষতা, কৌশল, কলা-বিদ্যা, **art ful** ধূর্ত
**ar ti cle** [আ(র্)টিক্ল্] জিনিষ, প্রবন্ধ, দলিল বা আইনের অংশ
**ar ti fi cial** [আ(র্)টিফিশ্যেল্] কৃত্রিম, অপ্রাকৃতিক
**ar ti san** [আ(র্)টিজ্যান্] কারিগর, মিস্ত্রী
**ar tist** [আ(র্)টিস্ট্] চারুশিল্পী, চিত্রকর, রূপদক্ষ, রূপশিল্পী
**as cend** [এ্যসেন্ড্] উপরে উঠা
**as cer tain** [য়্যাসা(র্)টেইন্] নির্ণয় করা, সঠিক খবর জানা
**ash** [য়্যাশ্] ছাই, ভস্ম **ashes** (বহুবচনে) চিতাভস্ম
**a shamed** [এ্যশেইম্ড্] লজ্জিত
**a shore** [এ্যশ্অ(র্)] পারের উপরে, তটাভিমুখে
**a side** [এ্যসাইড্] একান্তে, নির্জনে, জনান্তিকে
**ask** [আস্ক্] জিজ্ঞাসা করা, অনুরোধ করা, আমন্ত্রণ করা
**a sleep** [এ্যস্লিপ্] ঘুমন্ত
**ass** [আস্] গাধা, গর্দভ, বোকা
**as sault** [য়্যাসল্ট্] আক্রমণ, আঘাত করা
**as sem ble** [এ্যসেম্বল্] একত্র করা, জড়করা
**as sem bly** [এ্যসেম্ব্লি] সমাবেশ, সভা, পরিষৎ
**as sert** [এ্যসা(র্)ট্] নিশ্চয় করিয়া বলা, দাবী প্রতিষ্ঠা করা

armour

ass

**as sess** [এ্যসেস্] করধার্য্য করা, দাম ঠিক করা, নিরূপণ করা
**as set** [য়্যাসেট্] বিষয়-আশয়, সম্পদ, মূল্যবান বস্তু
**as sign** [এ্যসাইন্] আরোপ করা, নির্দেশ করা, বণ্টন করা
**as sist** [এ্যসিস্ট্] সাহায্য করা **as sist ant** সহযোগী, অবর
**as so ci a tion** [এ্যসোসিয়েইশন্] সংযোগ, মিলন, ভাবানুষঙ্গ, সমিতি
**as ton ish** [এ্যস্টনিশ্] সহসা বিস্ময়বিহ্বল করা, তাক্ লাগানো
**as tray** [এ্যস্ট্রেই] পথভ্রষ্ট, বিপথে
**as tro lo ger** [এ্যস্ট্রলজা(র্)] জ্যোতিষী
**an them** [য়্যান্থেম্] সংগীত (ধর্ম বা জাতীয়), গাথা
**ath lete** [য়্যাথ্লিট্] ক্রীড়াবিদ, খেলোয়াড়
**at las** [য়্যাট্ল্যাস্] মানচিত্রাবলী, গ্রীক পুরাণে বর্ণিত দৈত্য
**at mos phere** [য়্যাটম্যস্ফিয়া(র্)] বাতাস, বায়ুমণ্ডল
**at om** [য়্যাট্যম্] পরমাণু, অতি ক্ষুদ্রকণা
**at tach** [এ্যট্যাচ্] সংলগ্ন করা, সংযুক্ত করা, ক্রোক করা
**at tack** [এ্যট্যাক্] আক্রমণ করা, আক্রমণ
**at tain** [এ্যটেইন্] অর্জন করা, চেষ্টা করিয়া লাভ করা
**at tempt** [এ্যটেম্ট্] চেষ্টা, প্রয়োগ, চেষ্টা করা, আক্রমণের চেষ্টা করা
**at tend** [এ্যটেন্ড্] মনোনিবেশ করা, যত্নবান হওয়া, পরিচর্যা করা
**at tend ant** [য়্যাটেন্ড্যন্ট্] সঙ্গী, পরিচালক, **-ance** হাজিরা
**at ten tion** [এ্যটেন্শন্] মনোযোগ, সৌজন্য
**at tic** [য়্যাটিক্] চিলে কোঠা.
**at tire** [এ্যটাইআ(র্)] বেশভূষা, সাজপোষাক, সজ্জিত করা
**at tract** [এ্যট্র্যাক্ট্] আকর্ষণ করা, প্রলুব্ধ করা
**auc tion** [অক্শ্যন্] নিলাম, নিলাম ডাকা
**au dac i ty** [অড্যাসিটি] ঔদ্ধত্য, ধৃষ্টতা, প্রগল্ভতা
**au di ence** [অডিয়েন্স্] শ্রোতৃমণ্ডলী, আবেদন শোনার জন্য দর্শন দান
**au dit** [অডিট্] হিসাব পরীক্ষা, আয়ব্যয় পরীক্ষা করা
**au di to ri um** [অডিটরিঅম্] সভাগৃহ, শ্রোতাদের বসিবার বড় হল (ঘর)
**auger** [অগা(র্)] বর্মা, আগর
**Au gust** [য়্যাগাস্ট্] ইংরেজী আগস্ট মাস, শ্রদ্ধেয়

auger

**aunt** [আন্‌ট্‌] খুড়ী, জেঠী, পিসী, মাসী, মামী প্রভৃতি
**aus pic es** [অঔস্‌পিসিজ্‌] আনুকূল্যে, পৃষ্ঠপোষকতায়
**aus pi cious** [অস্‌পিশস্‌] শুভ, অনুকূল
**aus tere** [অঔস্‌টিআ(র্‌)] উগ্র, কঠোর, অনাড়ম্বর
**au then tic** [অথেন্‌টিক্‌] আসল, খাঁটি, প্রমাণসিদ্ধ, প্রামাণিক
**au thor** [অথ(র্‌)] গ্রন্থকার, উদ্ভাবক, স্রষ্টা **au thoress** গ্রন্থকর্ত্রী
**au thor ise** [অথরাইজ্‌] অধিকার দেওয়া, দায়িত্ব দেওয়া
**au thor i ty** [অথরিটি] কর্তৃত্ব, প্রামাণিক বাক্য, প্রদত্ত ক্ষমতা, কর্তৃপক্ষ
**au to bi og ra phy** [অটোবাইঔগ্র্যাফি] আত্মজীবনী, আত্মকাহিনী
**au to graph** [অট্যগ্রাফ্‌] স্বলেখন, স্বাক্ষর
**au to mo bile** [অট্যমোবিল্‌] স্বতশ্চালিত-শকট, মোটরগাড়ী
**au tumn** [অ্যট্যাম্‌] শরৎকাল
**a vail** [এ্যভেইল্‌] সুবিধা সুযোগ গ্রহণ করা
**av a lanche** [য়্যাভ্যালান্‌শ্‌] হিমানী-প্রপাত, স্খলিত হিমশিলা
**av a rice** [য়্যাভ্যারিস্‌] অর্থলিপ্সা, লালসা, লোভ
**a venge** [য়্যাভেন্‌জ্‌] প্রতিশোধ লওয়া
**av e nue** [য়্যাভিন্যু] তরুছায়াসমন্বিত প্রশস্ত পথ, বীথি
**av er age** [য়্যাভারিজ্‌] গড়পড়তা, সাধারণ
**a verse** [এ্যভ্য(র্‌)স্‌] নারাজ, বিমুখ, অনিচ্ছুক
**a vert** [এ্যভ্য(র্‌)ট্‌] নিবৃত্ত করা, নিবারণ করা
**a vi ar y** [এইভিআরি] পাখীশালা, চিড়িয়ার ঘর
**a vi a tion** [এইভিয়েইশন্‌] বিমান-ভ্রমণ, বিমান-চালনা
**a void** [এ্যভয়িড্‌] পরিহার করা, এড়ান, পরিত্যাগ করা
**a wait** [এ্যওয়েইট্‌] সবুর করা, প্রতীক্ষা করা
**a wake** [এ্যওএইক্‌] সজাগ, নিদ্রা হইতে জাগান
**a ward** [এ্যওয়(র্‌)ড্‌] বিচার-পূর্বক সম্প্রদান, রোয়েদাদ, প্রদান করা
**a ware** [এ্যওয়েআ(র্‌)] অবগত, সচেতন
**a way** [এ্যওয়েই] দূরে, দূর হও, স্বদেশের বাহিরে
**awe** [অ্য] শঙ্কা, সশ্রদ্ধ ভীতি **aw ful** [অ্যফুল্‌] ভয়ঙ্কর, বীভৎস
**a while** [এহোয়াইল্‌] কিছুক্ষণের জন্য
**awk ward** [অক্‌ওয়(র্‌)ড্‌] কুৎসিৎ, বিশ্রী, অপ্রতিভ, অসৌষ্ঠব
**axe** [য়্যাক্‌স্‌] কুঠার, কুড়ুল

avalanche

aviary

**axiom** [য়্যাক্‌সিঅম্‌] স্বতঃসিদ্ধ বস্তু, স্বয়ংসিদ্ধ
**ax is** [য়্যাক্‌সিস্‌] অক্ষ, অক্ষরেখা, ধুরা
**ax le** [য়্যাক্‌স্‌ল্‌] চক্রনেমী, চক্রদণ্ড, চাকার ধুরা
**azure** [য়্যাজ্‌অ(র্‌)] আশমানী রং, নীলাভ


axle

## B b

**bab ble** [ব্যাবল্‌] বক্‌বক্‌ করা, শিশুর আধ আধ বুলি
**babe** [বেইব্‌] **baby** [বেইবি] শিশু
**bach e lor** [ব্যাচেলা(র্‌)] অবিবাহিত পুরুষ, কুমার, স্নাতকোপাধি
**back** [ব্যাক্‌] পিছন দিক, উল্টা দিক, ফুটবল বা হকি খেলার ব্যাক, পিছনের দিকে চালানো, সমর্থন করা
**back bite** [ব্যাক্‌বাইট্‌] কাহারও অসাক্ষাতে নিন্দা করা, চুকলি করা
**back bone** [ব্যাক্‌বৌন্‌] মেরুদণ্ড, শিরদাঁড়া, প্রধান অবলম্বন
**back door** [ব্যাক্‌ড্যা(র্‌)] খিড়কির দরজা, অন্যায় ও গুপ্তপথ
**back ing** [ব্যাকিং] সহায়তা, সাহায্য
**back ward** [ব্যাক্‌ওয়া(র্‌)ড্‌] শিক্ষায় অনগ্রসর, পশ্চাৎবর্তী, জড়বুদ্ধি
**ba con** [বেইক্যন্‌] শূকরের মাংস
**bad** [ব্যাড্‌] মন্দ, অল্প, অশুভ, অসুস্থ
**badge** [ব্যাজ্‌] পরিচয়-চিহ্ন, অভিজ্ঞান
**baf fle** [ব্যাফ্‌ল্‌] বিফল, ব্যর্থ, ব্যর্থ করা
**bag** [ব্যাগ্‌] ব্যাগ, থলে, থলের ভিতরে পোরা, শিকার করা
**bag gage** [ব্যাগ্‌ইজ্‌] তল্পাতল্পি, পুঁটলি, সৈন্যদের তাঁবু ও বিছানাপত্র
**bail** [বেইল্‌] জামিন, ক্রিকেট-স্টাম্পের উপরে রাখা ক্ষুদ্র কাষ্ঠ খণ্ড
**bail iff** [বেইলিফ্‌] পেয়াদা, তাগিদ্‌দার
**bait** [বেইট্‌] বঁড়শীর টোপ, প্রলোভন, লোভনীয় বস্তু
**bake** [বেইক্‌] আগুনে বা রৌদ্রে সেঁকা, রুটি সেঁকা
**bak er** [বেইকা(র্‌)] রুটিওয়ালা, রুটি প্রস্তুতকারক
**bak er y** [বেইক্যরী] রুটির কারখানা
**bal ance** [ব্যাল্যন্‌স্‌] নিক্তি, দাড়িপাল্লা, ভারসাম্য, বাকী, ওজন করা, সমতা রক্ষা করা
**bal co ny** [ব্যালক্যনি] ঝুলবারান্দা, ঘেরা বারান্দা
**bald** [বাল্‌ড্‌] টেকো, কেশহীন, অনলঙ্কৃত, নগ্ন

balance

balcony

**bale** [বেইল্] প্রকান্ড গাঁইট, কাপড় পাট সুতা ইত্যাদির বড় মোট
**ball** [বল্] বল, ডেলা, দলা, নৃত্যামোদ বিশেষ
**bal lad** [ব্যাল্যড্] গাথা কবিতা, পল্লীগীতি
**bal loon** [ব্যলুন্] বেলুন, ব্যোমযান
**bal lot** [ব্যাল্যট্] ভোট বা মতামত দিবার কাগজ
**balm** [বা'ম্] মলম, স্নিগ্ধকর প্রলেপ, উপশমকর বস্তু
**bamboo** [ব্যাম্‌বু] বাঁশ
**ban** [ব্যান্] কিছু করা বা বলার নিষেধাজ্ঞা
**ba nan a** [ব্যনান্য] কলা, কলাগাছ
**band** [ব্যান্‌ড্] বন্ধনী, বেড়ী, দল, সম্প্রদায়, ঐকতান বাজানো, পটি দিয়া বাঁধা
**band age** [ব্যান্‌ডিজ্] ক্ষতস্থান বাঁধার পটী
**bandit** [ব্যান্‌ডিট্] দস্যু, ডাকাত
**bang** [ব্যাং] দুম্‌দাম্ শব্দ, দড়াম করিয়া বন্ধ করা
**ban gle** [ব্যাংগ্‌ল্] বালা, কঙ্কণ
**ban i an** [ব্যানিঅন্] বট গাছ, বেনে, মুৎসুদ্দি, ফতুয়া (জামা)
**ban ish** [ব্যানিশ্] নির্বাসিত করা, তাড়াইয়া দেওয়া
**ban jo** [ব্যান্‌জো] তারের বাদ্যযন্ত্র বিশেষ, ব্যান্‌জো
**bank** [ব্যাংক্] মাটির বাঁধ, তট, পার, ব্যাঙ্ক
**bank rupt** [ব্যাংক্র্যপ্ট্] দেউলিয়া, নিঃস্ব, ফতুর
**ban ner** [ব্যানা(র্)] নিশান, পতাকা, সংবাদপত্রের হেডিং
**ban quet** [ব্যাংক্বুইট্] সমারোহের ভোজ, রাজকীয় ভোজ
**bar** [বা(র্)] লম্বা ফালি, খিল, হুড়কা, ডান্ডা, উকীল-সংস্থা, মদের দোকান, বাধা দেওয়া, আইনতঃ বাতিল করা
**barb** [বা(র্)ব্] তীর বা বড়শীর সুচাল কাঁটা, শূলাগ্র
**barbed wire** [বা(র্)ব্‌ড্-ওয়াইয়া(র্)] কাঁটা তার
**bar ber** [বা(র্)ব্যা(র্)] নাপিত
**bard** [বা(র্)ড্] চারণ কবি
**bare** [বেয়া(র্)] অনাবৃত, কেবল মাত্র, নগ্ন
**bar gain** [বা(র্)গিন্] দরকষাকষি, লাভজনক চুক্তি
**barge** [বা(র্)জ্] প্রমোদতরী, বজরা

balloon

bamboo

banian tree


barbed wire

barge

**bark** [বা(র্)ক্] গাছের ছাল, কুকুরের চিৎকার
**bar ley** [বা(র্)লি] যব, বার্লি
**barn** [বা(র্)ন্] গোলাবাড়ি
**bar rack** [ব্যারাক্] ছাউনি, সেনানিবাস, সারবন্দি বাড়ী
**bar rage** [ব্যারাজ্] বাঁধ, নদীর জল সংরক্ষণের বাঁধ
**bar rel** [ব্যারেল্] পিপা, বন্দুকের নল বা চোঙ্গ
**bar ren** [বার্এ্যন্] অনুর্বর, ঊষর, বন্ধ্যা

barrel

**bar ri cade** [ব্যারিকেইড্] তাড়াতাড়ি তৈরী করা প্রতিরোধক, প্রতিবন্ধক
**bar row** [ব্যারো] মালবাহী হাতগাড়ী
**bar ter** [বা(র্)টা(র্)] পণ্য-বিনিময়, বিনিময়-ব্যবসা, বদল করা
**base** [বেইস্] মূলভিত্তি, পাদদেশ, নীচ, মেকি
**ba sin** [বেইসিন্] গামলা, নদীর অববাহিকা
**bas ket** [বাস্কিট্] ঝুড়ি, সাজি, ডালা

barrow

**bat** [ব্যাট্] বাদুড়, খেলার ব্যাট
**batch** [ব্যাচ্] গোছা, দল
**bath** [বাথ্] স্নান, স্নানপাত্র, স্নানাগার
**bathe** [বেইদ্] স্নান করা বা করান

bat

**bath room** [বাথ্রুম্] স্নানের ঘর **bath-tub** [বাথ্-টাব্] স্নানের টব
**bat tal ion** [ব্যেট্যালিয়ন্] পদাতিকসৈন্য বাহিনী
**bat ter y** [ব্যাট্যরি] ব্যাটারি, তড়িৎপ্রবাহ-কোষ, কামানশ্রেণী
**bat tle** [ব্যাটল্] সংগ্রাম, যুদ্ধ করা
**battle-ship** [ব্যাটল্-শিপ্] রণতরী
**bay** [বেই] উপসাগর
**bring to bay** কোণঠাসা করা
**keep at bay** শত্রুকে কাছে আসিতে না দেওয়া

bath-tub

**bay on et** [বেঅ্যনিট্] সঙ্গীন, রাইফেলের সঙ্গে যে তরবারি লাগান হয়
**ba zar** [ব্যজা(র্)] বাজার, ক্রয়বিক্রয়-স্থান
**beach** [বীচ্] সমুদ্রের ধার, বেলাভূমি
**bead** [বীড্] জপমালার গুটিকা, ছিদ্রযুক্ত গুটিকা
**beak** [বীক্] পাখীর ঠোঁট, চঞ্চু
**beam** [বীম্] কড়িকাঠ, তুলাদণ্ডের দণ্ড, আলোকরশ্মি, বিকীর্ণ করা বা হওয়া

bayonet

beak

**bean** [বীন্] সীম, বিন, বরবটী
**bear** [বেয়া(র্)] বহন করা, সহ্য করা, ভাবপোষণ করা, ভল্লুক
**beard** [বিয়া(র্)ড্] দাড়ি, শ্মশ্রু, শস্য-শূক, শূঁয়া
**bearer** [বেয়ারা(র্)] বেহারা, বাহক, সংবাদবাহক, আফিসের পীয়ন
**beast** [বীস্ট্] পশু, জন্তু
**beat** [বীট্] প্রহার করা, পরাজিত করা, এলাকা
**beau ti ful** [ব্যুটিফুল্] সুশ্রী, সুন্দর, চমৎকার
**beau ty** [ব্যুটি] সৌন্দর্য, শোভা, সুন্দর বস্তু
**be cause** [বিক্যজ্] যেহেতু, কারণ
**beck** [বেক্] ইশারা, হাত বা মাথা নাড়িয়া ইশারা করা
**beck on** [বেক্অন্] ইশারা করা, ইশারায় ডাকা
**be come** [বিকাম্] হওয়া, মানানসই হওয়া
**bed** [বেড্] বিছানা, নদী বা সমুদ্রের তলদেশ, ফুলের চারা রোপণের স্থান, ফুলের কেয়ারী, ভিত্তিভূমি
**bed cover** [বেড্কভা(র্)] বিছানার ঢাকনী, বিছানা ঢাকার চাদর
**bed ding** [বেডিং] বিছানাপত্র **bed lam** [বেড্লাম্] পাগলা গারদ
**bed ridden** [বেড্রিড্ন্] শয্যাশায়ী **bed room** [বেড্রুম্] শয়নকক্ষ
**bed sore** [বেড্স'(র্)] দীর্ঘকাল রোগশয্যায় থাকার ফলে অঙ্গক্ষত
**bed spread** [বেড্স্প্রেড্] বিছানার আচ্ছাদন, বিছানার চাদর
**bed stead** [বেড্স্টেড্] খাট, পালঙ্ক
**bed time** [বেড্টাইম্] রাত্রিতে ঘুমাইতে যাইবার সময়
**bee** [বী] মৌমাছি **bee hive** [বীহাইভ্] মৌচাক
**beef** [বীফ্] গো-মাংস **beefy** হৃষ্টপুষ্ট
**beer** [বীয়া(র্)] একপ্রকার পানীয়
**bee tle** [বীট্ল্] গোবরে পোকা
**be fall** [বিফাল্] সংঘটিত হওয়া
**be fit** [বিফিট্] মানানসই, কাহারও উপযুক্ত হওয়া
**be fool** [বিফুল্] বোকা বানানো
**be fore** [বিফ্য(র্)] সম্মুখে, পূর্বে
**be fore hand** [বিফ(র্)হ্যান্ড্] পূর্বেই, আগেই
**be friend** [বিফ্রেইন্ড্] সাহায্য করা, বন্ধুর কাজ করা
**beg** [বেগ্] ভিক্ষা করা, যাচ্ঞা করা

bee

**be get** [বিগেট্] উৎপন্ন করা, জন্মদান করা
**beg gar** [বেগা(র্)] ভিক্ষুক, নিঃস্ব, প্রার্থী
**be gin** [বিগিন্] আরম্ভ করা **be gin ner** [বিগিনা(র্)] নব শিক্ষার্থী
**be have** [বিহেইভ্] আচরণ করা
**be hav iour** [বিহেইভিয়া(র্)] আচরণ, চালচলন, ব্যবহার
**be head** [বিহেড্] শিরশ্ছেদ করা
**be hest** [বিহেস্ট্] আদেশ, উপদেশ
**be hind** [বিহাইন্ড্] পশ্চাতে
**be hold** [বিহৌল্ড্] দেখা, লক্ষ্য করা
**be ing** [বিয়িং] সত্তা, প্রাণী, বিদ্যমান, হইয়া
**be la bour** [বিলেইবা(র্)] গুরুতর প্রহার করা, উত্তম-মধ্যম দেওয়া
**be lief** [বিলিফ্] বিশ্বাস, আস্থা, ধর্ম-মত
**be lieve** [বিলিভ্] বিশ্বাস করা
**be lit tle** [বিলিট্ল্] ছোট করা, হেয় করা, অবজ্ঞা করা
**bell** [বেল্] ঘণ্টা **bell metal** কাংস্য, কাঁসা
**bel lows** [বেলৌজ্] হাপর, জোরে হাওয়া দিবার যন্ত্র
**be long** [বিলং] অন্তর্ভুক্ত হওয়া, সংশ্লিষ্ট থাকা
**be long ings** [বিলংগিংস্] সম্পত্তি, জিনিষপত্র
**be low** [বিলৌ] অধস্তন, নীচের
**belt** [বেল্ট্] কোমরবন্ধ, বেল্ট, অঞ্চল, প্রদেশ
**bench** [বেন্শ্] বেঞ্চি, বিচারাসন, বিচারকবর্গ
**bend** [বেন্ড্] বাঁকান, মোড়ফেরান, বাঁক
**bend ing** [বেন্ডিং] বাঁকানো, নত, নোয়ানো
**be neath** [বিনীথ্] নিচে, তলদেশে, অভ্যন্তরে
**ben e fit** [বেনিফিট্] উপকার, ইষ্ট, হিত
**be nev o lent** [বিনেভ্যালেন্ট্] বদান্যতাপ্রবণ, উদার, দানশীল
**berth** [বা(র্)থ্] জাহাজ ভিড়াইবার জায়গা, রেলগাড়ী বা স্টীমারে যাত্রীদের শুইবার বা বসিবার স্থান
**berry** [বেরি] জাম বিশেষ
**beset** [বিসেট্] বেষ্টিত, খচিত, (বিপদ) পরিপূর্ণ
**beside** [বিসাইড্] পার্শ্বে, নিকটে **besides** অধিকন্তু, আরও, ব্যতীত
**best** [বেস্ট্] সর্বোৎকৃষ্ট, উত্তম

bell

bellows

**bet** [বেট্] পণ, বাজি, পণরাখা, বাজিরাখা
**be tel** [বিটেল্] পান
**be tel nut** [বিটেল্‌নাট্] সুপারি
**be tray** [বিট্রেই] বিশ্বাস ভঙ্গ করিয়া কোন বিষয় প্রকাশ করিয়া দেওয়া
**be tray al** [বিট্রেইয়্যল্] বিশ্বাসঘাতকতা
**better** [বেটা(র্)] অপেক্ষাকৃত ভাল
**bet ter ment** [বেটা(র্)মেণ্ট্] উন্নতিসাধন
**better off** [বেটা(র্) অফ্] অপেক্ষাকৃত বা পূর্বাপেক্ষা অবস্থাপন্ন
**be tween** [বিটুইন্] পরস্পরের মধ্যে, দুইয়ের মধ্যে
**be ware** [বিওএয়া(র্)] সতর্ক হওয়া, সাবধান হওয়া
**be wil der** [বি-উইল্‌ড্যা(র্)] ভ্যাবাচাকা খাওয়া, হতবুদ্ধি হওয়া
**be yond** [বিঅন্‌ড্] ছাড়াইয়া, দূরে, নাগালের বাহিরে
**bi as** [বাইআস্] ঝোঁক, পক্ষপাতিত্ব, প্রভাবিত করা
**bib** [বিব্] দুগ্ধাদি পানের সময় শিশুর পোষাক যেন না ভিজে তার জন্য বুকের উপর বাঁধা বস্ত্রখণ্ড; বিব

bib

**Bi ble** [বাইব্‌ল্] খৃষ্টানদের ধর্মগ্রন্থ, বাইবেল
**bi ceps** [বাইসেপ্‌স্] বাহুর উপরের পেশী
**bi cy cle** [বাইসিক্‌ল্] বাইসাইকেল্, দ্বিচক্রযান
**bid** [বিড্] প্রস্তাব করা, ঘোষণা করা, নিলাম ডাকা
**bier** [বাইঅ্যা(র্)] শবযান
**big** [বিগ্] বড়, মহৎ
**bill** [বিল্] পাখীর ঠোঁট, প্রাপ্য টাকার হিসাব, বিল্
**bind** [বাইন্‌ড্] বাঁধা, প্রতিজ্ঞাবদ্ধ করা
**bi og ra phy** [বাইঅগ্র্যাফি] জীবনী
**birch** [বা(র্)চ্] ভূর্জবৃক্ষ

biceps

**bird** [ব্য(র্)ড্] পাখী, **bird of passage** পান্থপাখী
**birth** [ব্য(র্)থ্] জন্ম, উদ্ভব, আরম্ভ **birth-day** জন্মদিন
**bis cuit** [বিস্‌কিট্] বিস্‌কুট
**bi sect** [বাইসেকট্] দুই সমানভাবে ভাগ করা
**bish op** [বিশপ্] খৃষ্টীয় ধর্মযাজক
**bi son** [বাইসন্] মহিষের মত বন্যজন্তু বিশেষ, বাইসন

bison

**bit** [বিট্] ক্ষুদ্র টুকরা, কিছুটা, একটুকু

**bite** [বাইট্] দাঁতে কামড়ান, দংশন করা, হুল ফুটান, টোপ-ঠোকরাণ
**bit ter** [বিটার্] তিক্ত, কটু, বেদনাদায়ক, ক্লেশকর
**bi week ly** [বাইউইক্‌লি] অর্ধ সাপ্তাহিক, সপ্তাহে দুইবার
**black** [ব্ল্যাক্] কাল, বিবর্ণ, অন্ধকার **black art** যাদুবিদ্যা
**black ber ry** [ব্ল্যাক্‌বেরি] কালোজাম, ছোট কালো ফল বিশেষ
**black bird** [ব্ল্যাক্‌বা(র্)ড্] কালো রংয়ের গায়কপাখী বিশেষ
**black board** [ব্ল্যাক্‌বো(র্)ড্] ব্ল্যাক্‌বোর্ড
**black mail** [ব্ল্যাক্‌মেইল্] ভয় দেখাইয়া অর্থ আদায় করা
**black out** [ব্ল্যাক্‌আউট্] নিষ্প্রদীপ অবস্থা
**black smith** [ব্ল্যাক্‌স্মিথ্] কামার, লোহার

blackbird

**blad der** [ব্ল্যাডা(র্)] বায়ুদ্বারা স্ফীত থলি, ফুটবলের ব্লাডার, মূত্রকোষ
**blade** [ব্লেইড্] দাড়ি কামাইবার ব্লেইড, ছুরি বা তরবারীর ফলা, কচিপাতা
**blame** [ব্লেইম্] দোষ দেওয়া, নিন্দা করা
**blank** [ব্ল্যাংক্] অলিখিত, শূন্য, ফাঁকা
**blan ket** [ব্ল্যাংকিট্] কম্বল
**blaze** [ব্লেইজ্] অগ্নিচ্ছটা, লেলিহান শিখা
**bla zer** [ব্লেইজা(র্)] খেলোয়াড়দের উজ্জ্বল রংয়ের জামা বিশেষ
**bleach** [ব্লীচ্] পরিষ্কার করা, সাফা করা
**bleak** [ব্লীক্] বর্ণহীন, নিরানন্দ, নীরস, শৈত্যময়
**bleat** [ব্লীট্] ভেড়ার ডাক, বোকার মত ব্যাখ্যা করা
**bleed** [ব্লীড্] রক্তপাত, রক্ত মোক্ষণ করা
**blend** [ব্লেনড্] মিশ্রণ, মিশানো
**bless** [ব্লেস্] মঙ্গল কামনা করা, আশীর্বাদ করা
**bless ed** [ব্লেসিড্] ভাগ্যবান, শুদ্ধ, পবিত্র, মহিমান্বিত
**blessing** [ব্লেসিং] আশীর্বাদ, ভগবৎ কৃপা, বর
**blind** [ব্লাইন্‌ড্] অন্ধ, অন্ধকার, একমুখো, আবরণ, জানালার খড়খড়ি
**blind fold** [ব্লাইন্‌ড্‌ফৌল্‌ড্] চোখবাঁধা অবস্থাযুক্ত, বেপরোয়া
**blink** [ব্লিংক্] চক্ষু পিট পিট করা, গণ্য না করা, এড়াইয়া যাওয়া
**bliss** [ব্লিস্] পরমানন্দ, স্বর্গীয় সুখ
**blis ter** [ব্লিস্‌টা(র্)] ফোসকা, ফুস্‌কুড়ি
**bliz zard** [ব্লিজা(র্)ড্] হিমঝঞ্ঝা, তুষার ঝড়

**block** [ব্লক্] বাধা দেওয়া, কাঠ বা পাথরের বড় খণ্ড, এক সারির বাড়ীঘর, বিভাগ, কপিকল, ছবির ব্লক

**blood** [ব্লাড্] রক্ত **royal blood** রাজবংশ

**blos som** [ব্লস্যম্] মুকুল, কুঁড়ি **blos som ing** বিকশিত, মঞ্জরিত

**blot** [ব্লট্] ফোঁটা, দাগ, কলঙ্ক

**blouse** [ব্লাউজ্] খাটো ঢিলে জামা প্রধানতঃ শ্রমিক বা মেয়েদের

**blow** [ব্লৌ] আঘাত, ফুঁ দিয়া বাজানো বা ফুলানো

**blue** [ব্লু] নীলবর্ণ, আসমানি রং, আকাশ, সমুদ্র

**bluff** [ব্লাফ্] ধাপ্পা, ধাপ্পা দেওয়া

**blun der** [ব্লান্ড্য(র্)] সাংঘাতিক ভুল

**blunt** [ব্লান্ট্] ভোঁতা, স্পষ্টভাষী, অমার্জিত

**blush** [ব্লাশ্] লজ্জায় লাল হওয়া

boar

**boar** [ব্য(র্)] শূকর, বন্য শূকর, বরাহ

**board** [ব্য(র্)ড্] তক্তা, মঞ্চ, সমিতি, আহার্য, আরোহণ করা

**board er** [ব্য(র্)ডা(র্)] মেস বা হোটেলের বাসিন্দা

**boast** [বৌস্ট্] দম্ভ করা, আত্মশ্লাঘা করা, বড়াই করা

**boat** [বৌট্] নৌকা, জাহাজ, লৌহতরী, **boatman** মাঝি

**bod y** [বডি] দেহ, মৃতদেহ, লাশ, দল, জনসম্প্রদায়

**bo gus** [বৌগ্যস্] মিথ্যা, মেকী, জাল, নকল

**boil** [ব্যইল্] সিদ্ধকরা, টগবগ করিয়া ফোটা, ফোড়া

**bold** [বৌল্ড্] সাহসী, স্থূল ও স্পষ্ট, নির্ভীক

**bolt** [বৌল্ট্] খিল, হুড়কা, বজ্র, হঠাৎ বেগে পলাইয়া যাওয়া **bolt from the blue** বিনা মেঘে বজ্রাঘাত

**bomb** [বম্] বোমা, বারুদপূর্ণ লৌহগোলক

**bomb er** [বম্অ(র্)] বোমা নিক্ষেপকারী বিমান, বোমারু বিমান

**bone** [বৌন্] অস্থি, হাড়, মাছের কাঁটা

**bon fire** [বন্ফাইয়া(র্)] বহ্ন্যুৎসব, অগ্নিসৎকার

**bon net** [বনিট্] মোটর গাড়ীর ইঞ্জিনের ঢাকনা, মাথা ঢাকার নরম টুপি

**bon ny** [বনি] সুদর্শন, হৃষ্টপুষ্ট

**bo nus** [বৌনাস্] বেতনের অতিরিক্ত পারিতোষিক, বোনাস

**book** [বুক্] বই, পুস্তক, টিকেট কাটা **book case** বইয়ের আলমারী

**book ing office** [বুকিং অফিস্] টিকিটঘর

**book let** [বুক্‌লিট্‌] পুস্তিকা, ছোট বই
**book worm** [বুক্‌ওয়(র্‌)ম্‌] গ্রন্থকীট, যে ব্যক্তি খুব বই পড়ে
**boom** [বুম্‌] ভীষণ শব্দ, মূল্য বৃদ্ধি, বাজার গরম
**boon** [বুন্‌] অনুগ্রহ, বর
**boot** [বুট্‌] বুটজুতা, মোটর গাড়ীর পিছনের মাল রাখার স্থান
**booth** [বুথ্‌] ত্রিপাল বা চাটাইয়ের অস্থায়ী আশ্রয়স্থল, কুঁড়েঘর
**boo ty** [বুটি] লুঠের মাল, লুণ্ঠিত দ্রব্য
**bor der** [ব(র্‌)ডা(র্‌)] কিনারা, পার, সীমান্ত
**bore** [বৌ(র্‌)] ছিদ্র, ফুটা, বিরক্তিকর ব্যক্তি, নদীর বান
**born** [ব(র্‌)ন্‌] জন্মগ্রহণ করা, জাত, বংশোদ্ভব
**bor row** [বরো] ধার করা
**bo som** [বুজ্‌অম্‌] বক্ষঃস্থল, অন্তরঙ্গ
**boss** [বস্‌] উপরওয়ালা, কোন বস্তুর বউলার ন্যায় স্ফীত অংশ, কর্তৃত্ব করা
**bot a ny** [বটানি] উদ্ভিদ্‌বিদ্যা
**both** [বৌথ্‌] উভয়, উভয়তঃ, দুইই
**both er** [বদা(র্‌)] জ্বালাতন করা, বিব্রত করা, বিরক্ত করা
**bot tle** [বট্‌ল্‌] বোতল
**bot tom** [বট্‌অম্‌] তলদেশ, তলি
**bough** [বাউ] বৃক্ষশাখা
**bounce** [বাউন্‌স্‌] সহসা লাফাইয়া উঠা, বড়াই করা
**bound** [বাউন্‌ড্‌] সীমা, লম্ফপ্রদান, যাইবার জন্য প্রস্তুত, বাঁধানো
**boun den** [বাউন্‌ডেন্‌] অবশ্য পালনীয়
**bound for** গমনোন্মুখ, যাইতে প্রস্তুত
**bound a ry** [বাউন্‌ডারি] সীমানা, চতুঃসীমা
**bow** [বৌ] ধনুক
**bow** [বাউ] নত হওয়া, অভিবাদন করা
**bow els** [বাউএল্‌জ্‌] অন্ত্র, নাড়িভুঁড়ি, অভ্যন্তর দেশ
**bowl** [বউল্‌] বাটি, গামলা, গোলা ছোঁড়া
**box** [বক্‌স্‌] বাক্‌স, মাচান, ঘেরা আসন
**boy** [বয়] বালক, হোটেলের ছোকরা চাকর
**boy hood** [বয়হুড্‌] বাল্যকাল, বাল্য
**brace let** [ব্রেইস্‌লিট্‌] ব্রেস্‌লেট, হাতে পরার গহনা বিশেষ


bow

bracket

**brace** [ব্রেইস্] বন্ধনী, বাঁধুনী, সবল করা
**brack et** [ব্র্যাকিট্] বন্ধনী ( ), { }, [ ], দেওয়ালের তাকের কাঠাম
**brag** [ব্র্যাগ্] বড়াই করা
**braid** [ব্রেইড্] বিনুনি করা, সরু ফিতা, বেণী, কবরী
**brain** [ব্রেইন্] মস্তিষ্ক, ঘিলু, ধীশক্তি, বুদ্ধি
**brake** [ব্রেইক্] গতিরোধ করা, ব্রেইক, ব্রেইক কশা
**bran** [ব্র্যান্] ভূষি, তুষ
**branch** [ব্রান্শ্] গাছের ডাল, অংশ, বিভাগ, শাখা
**brand** [ব্র্যান্ড্] বিশেষ মার্কা, দাগিয়া দেওয়া, কলঙ্কিত করা
**brand new** [ব্র্যান্ড্ নিউ] আনকোরা নূতন, সম্পূর্ণ নূতন
**brass** [ব্রাস্] পিতল
**brave** [ব্রেইভ্] সাহসী, নির্ভীক **bravely** সাহসের সহিত
**brav ery** [ব্রেইভারি] নির্ভীকতা
**bray** [ব্রেই] গাধার চীৎকার, রাসভ-রব
**breach** [ব্রিচ্] ফাটল, বিরোধ, ভঙ্গ, বিচ্ছেদ
**bread** [ব্রেড্] পাঁউরুটি, রুটি, খাদ্য, জীবিকা
**break** [ব্রেক্] বিচ্ছিন্ন, বিরতি, বিদীর্ণ হওয়া
**break a ble** [ব্রেকএব্ল্] ভঙ্গুর, পলকা
**break down** [ব্রেইক্ডাউন্] অচল, ভাঙ্গিয়া পড়া, ধ্বসিয়া পড়া
**break er** [ব্রেইকা(র্)] সমুদ্রের বড় বড় ঢেউ
**break fast** [ব্রেক্ফাস্ট্] প্রাতরাশ, সকালবেলার লঘু ভোজন
**break wa ter** [ব্রেইক্ওয়াটা(র্)] স্রোতের বেগ হ্রাস করার জন্য বাঁধ
**breast** [ব্রেস্ট্] বক্ষ, স্তন, বুক পাতিয়া দেওয়া
**breast stroke** বুকসাঁতার
**breath** [ব্রেথ্] নিশ্বাস-প্রশ্বাস, দম **breathe** [ব্রীদ্] শ্বাস লওয়া
**breathing time** দম ফেলার অবকাশ
**breath ren** [ব্রিদ্রেন্] ভাইসকল, এক ধর্মের বা সম্প্রদায়ের ব্যক্তিগণ
**dic tion a ry** [ডিক্‌শ্যনরি] অভিধান, শব্দকোষ

**die** [ডাই] মরা, ছাঁচ, পাশা প্রভৃতি খেলার গুটি

**di et** [ডাইয়্যট্‌] পথ্য, ভোজনপ্রণালী

**dif fer** [ডিফ্যা(র্‌)] অনৈক্য, প্রতিবাদ করা **dif fer ent** পৃথক

**diffi cult** [ডিফিক্যল্‌ট্‌] কঠিন, দুঃসাধ্য, কষ্টবোধ্য

**dif fi cul ty** [ডিফিক্যল্‌টি] ঝামেলা, প্রতিবন্ধক, সঙ্কট, বাধাবিঘ্ন

**dig** [ডিগ্‌] খনন করা, কোদলান, গর্ত করা

**di gest** [ডাইজেস্‌ট] সংক্ষিপ্তসার [ডিজেস্‌ট্‌] হজম করা

**dig it** [ডিজিট্‌] সংখ্যা (১ হইতে ৯ পর্যন্ত)

**dig ni ty** [ডিগ্‌নিটি] গৌরব, পদমর্যাদা, সম্ভ্রম

**di lem ma** [ডাইলেম্যা] দোটানা, উভয় সঙ্কট

**dil i gent** [ডিলেজেনট্‌] পরিশ্রমী, উদ্যোগী

**di lute** [ডাইল্যুট্‌] তরল পদার্থ মিশাইয়া পাতলা করা, তেজ কমান

**dim** [ডিম্‌] অস্পষ্ট, ক্ষীণ

**di min ish** [ডিমিনিশ্‌] কমা, হ্রাস পাওয়া

**dine** [ডাইন্‌] ভোজন করা, খানা খাওয়া

**din ghy** [ডিংগি] ডিংগি নৌকা

**din ing-room** [ডাইনিং রুম্‌] ভোজনশালা, খাবার ঘর

**din ner** [ডিন্যা(র্‌)] দিবসের প্রধান ভোজন

**dip** [ডিপ্‌] ডোবা, চোবান, ডুব দেওয়া

**di plo ma** [ডিপ্লোম্যা] উপাধি-পত্র, যোগ্যতা-পত্র, পরীক্ষা পাশের সনন্দ

**di rect** [ডিরেক্‌ট্‌] সোজা, সরাসরি [ডাইরেক্ট] হুকুম করা, পরিচালনা করা **directive** [ডাইরেক্‌টিভ্‌] নির্দেশনা

**di rec tion** [ডিরেক্‌শ্যন্‌] নির্দেশ, লক্ষ্যপথ, নিশানা

**dirt** [ড্যা(র্‌)ট্‌] ময়লা, জঞ্জাল **dirt y** [ড্যা(র্‌)টি] নোংরা, ময়লা, অশ্লীল

**dis a bil i ty** [ডিস্‌এবিলিটি] অক্ষমতা **dis a ble** অক্ষম, দুর্বল করা

diamond

dice

dinghy

**dis ad van tage** [ডিস্‌এ্যাড্‌ভানটিজ] অসুবিধা
**dis a gree** [ডিস্‌এ্যগ্রী] অসম্মত হওয়া, অমিল হওয়া
**dis ap pear** [ডিস্‌য়্যাপিয়া(র্‌)] অদৃশ্য হওয়া, অন্তর্ধান করা
**dis ap point** [ডিস্‌য়্যাপয়েণ্ট্‌] হতাশ করা, আশা পূর্ণ না হওয়া
**dis as ter** [ডিজ্‌য়াস্‌টা(র্‌)] দুর্দশা, আকস্মিক বিপর্যয়
**dis be lieve** [ডিস্‌বিলিভ্‌] অবিশ্বাস করা
**disc** [ডিসক্‌] চক্র, মণ্ডল, গোলাকার থালার মত বস্তু
**disciple** [ডিসাইপ্‌ল্‌] শিষ্য, ভক্ত
**dis ci pline** [ডিসিপ্লিন্‌] নিয়মানুগ অভ্যাস, তপশ্চর্যা, সংযম, শৃঙ্খলা
**dis close** [ডিস্‌ক্লোজ্‌] প্রকাশ করা, উদ্ঘাটন করা
**dis con nect** [ডিস্‌ক্যানেক্‌ট্‌] সংযোগ ছিন্ন করা, বিযুক্ত করা
**dis con tent** [ডিস্‌ক্যন্‌টেন্‌ট্‌] অসন্তুষ্টি, অতৃপ্তি
**dis count** [ডিস্‌কাউন্‌ট্‌] বাট্টা, ব্যাজ, আসল হইতে কিছু কম করা
**dis cov er** [ডিস্‌কাভা(র্‌)] আবিষ্কার করা, খুঁজিয়া বাহির করা
**dis cov ery** [ডিস্‌কাভ্যারি] আবিষ্কার
**dis cuss** [ডিস্‌কাস্‌] আলোচনা করা **dis cus sion** আলোচনা
**dis ease** [ডিজ্‌ইজ্‌] ব্যারাম, রোগ, ব্যাধি
**dis grace** [ডিস্‌গ্রেইস্‌] অপমান, লজ্জার কথা
**dis guise** [ডিস্‌গাইজ্‌] ছদ্মবেশ, ছদ্মবেশ ধারণ করা
**dis gust** [ডিস্‌গাস্‌ট্‌] বিরক্তি, বিরাগ
**dish** [ডিশ্‌] বগীথালা, ডিশ, খাবার থালা, পরিবেশন করা
**dis hon est** [ডিস্‌অনিস্‌ট্‌] কপট, অসাধু
**dis like** [ডিস্‌লাইক্‌] অপছন্দ করা
**dis miss** [ডিস্‌মিস্‌] বিদায় করা, খারিজ করা, অগ্রাহ্য করা
**dis o bey** [ডিস্‌অবেই] অমান্য করা, লঙ্ঘন করা
**dis or der** [ডিস্‌অ(র্‌)ডা(র্‌)] গোলযোগ, বিশৃঙ্খলা, হাঙ্গামা
**dis own** [ডিস্‌ওন্‌] অস্বীকার করা, দাবী ত্যাগ করা, বর্জন করা
**dis perse** [ডিস্‌প্যা(র্‌)স্‌] ছত্রভঙ্গ করা, ছড়ান
**dis play** [ডিস্‌প্লেই] প্রদর্শন করা, জাহির করা, প্রদর্শনী
**dis pleas ure** [ডিস্‌প্লেজ্যা(র্‌)] অসন্তোষ, বিরাগ
**dis pos al** [ডিস্‌পৌজেল্‌] ব্যবস্থাপন, হস্তান্তর, বিলি-ব্যবস্থা
**dis pose** [ডিস্‌পৌজ্‌] ব্যবস্থা করা, হস্তান্তর করা

**dis pute** [ডিস্‌প্যুট্‌] তর্ক করা, যাথার্থ্য অস্বীকার করা, আপত্তি তোলা
**dis qual i fy** [ডিস্‌ক্বোয়ালিফাই] অযোগ্য করা, বাতিল করা
**dis solve** [ডিজল্‌ভ্‌] গলান, দ্রব করা, ভাঙ্গিয়া দেওয়া (সভা বা সমাবেশ)
**dis tant** [ডিস্‌ট্যেণ্ট্‌] দূরবর্তী, **dis tance** [ডিস্‌ট্যান্‌স্‌] দূরত্ব
**dis tinct** [ডিস্‌টিংক্‌ট্‌] স্পষ্ট, স্বতন্ত্র, নিশ্চিত
**dis tin guish** [ডিস্‌টিংগুইশ্‌] স্বতন্ত্র করা, বৈশিষ্ট্য প্রদান করা
**dis tort** [ডিস্‌ট(র্‌)ট্‌] বিকৃত করা, মোচড়ান, ভাঙাচোরা করা
**dis trib ute** [ডিস্‌ট্রিব্যুট্‌] বণ্টন করা, বিতরণ করা
**dis trict** [ডিস্‌ট্রিকট্‌] জেলা, এলাকা, অঞ্চল
**dis trust** [ডিস্‌ট্রাস্‌ট্‌] অনাস্থা, সন্দেহ, অবিশ্বাস
**dis turb** [ডিস্‌ট্য(র্‌)ব্‌] গোলমাল করা, বিক্ষুব্ধ করা, মনোযোগ নষ্ট করা
**dis turb ance** [ডিস্‌ট্য(র্‌)বেনস্‌] গোলযোগ, উদ্বেগ, অশান্তি
**ditch** [ডিচ্‌] পরিখা, খানা, ডোবা
**di van** [ডিভ্যান্‌] ছোট নীচু পালঙ্ক বিশেষ, ডিভ্যান
**dive** [ডাইভ্‌] ডুব দেওয়া, জলে ঝাঁপ দেওয়া
**di vert** [ডাইভ্য(র্‌)ট্‌] মূল পথ হইতে সরান, বিক্ষিপ্ত করা
**di vide** [ডিভাইড্‌] ভাগ করা, বিভক্ত করা
**di vine** [ডিভাইন্‌] স্বর্গীয়, ঐশ্বরিক, দিব্য
**di vi sion** [ডিভিজন্‌] বিভাগ, বণ্টন, মতদ্বৈধ, ভাগ
**di vorce** [ডাইভৌ(র্‌)স্‌] বিবাহ-বিচ্ছেদ, বন্ধন ছেদন

dog

**diz zy** [ডিজি] মাথা ঝিম ঝিম করা, হতবুদ্ধি হওয়া
**do** [ডু] করা, কষা, বিন্যাস করা **do er** [ডুআ(র্‌)] কর্তা, যে করে
**dock** [ডক্‌] জাহাজ মেরামতের স্থান, জাহাজ ঘাটা, আসামীর কাঠগড়া
**doc tor** [ডক্‌ট্য(র্‌)] চিকিৎসক, বিদ্বান ব্যক্তি
**doc trine** [ডক্‌ট্রিন্‌] মতবাদ
**doc u ment** [ডক্যুমেন্‌ট্‌] দলিল, প্রমাণ-পত্র
**dog** [ডগ্‌] কুকুর, পায়ে পায়ে অনুসরণ করা
**dole** [ডৌল্‌] দান, খয়রাত, বেকারকে প্রদত্ত ভাতা
**doll** (ডল্‌) পুতুল
**dome** [ডৌম্‌] গম্বুজ


dome

**do mes tic** [ডমেস্‌টিক্‌] গার্হস্থ্য, ঘরোয়া, গৃহপালিত
**dom i cile** [ডমিসাইল্‌] স্থায়ী নিবাস, (আইন অনুসারে) স্থায়ী বাসিন্দা

**don ate** [ডৌনেইট্] দান করা **donation** [ডৌনেইশ্ন্] দান
**do nor** [ডৌন্(র্)] দাতা
**doom** [ডুম্] নিয়মিত, দণ্ডাদেশ, ধ্বংস **dooms day** মহাপ্রলয়ের দিন
**door** [ডৌ(র্)] দরজা, প্রবেশপথ
**dope** [ডৌপ্] ঔষধ দিয়া ঘুম পাড়ানো
**dor mant** [ডঅ(র্)ম্যন্ট্] অক্রিয়, সুপ্ত
**dose** [ডৌস্] ঔষধের মাত্রা বা দাগ
**dot** [ডট্] বিন্দু, ফুট্‌কি
**dou ble** [ডাব্‌ল্] জোড়া, যুগল, ডবল্
**dou ble-deck er** [ডাব্‌ল্-ডেক্য(র্)] দোতলা বাস গাড়ী বা বাড়ী
**doubt** [ডাউট্] সন্দেহ, দ্বিধা, অবিশ্বাস
**dough** [ডৌ] মাখা ময়দার তাল, নেঁচ
**dove** [ডাভ্] ঘুঘু **dovecote** পায়রার খোপ
**down** [ডাউন্] নরম পালক, নীচ, মন্দা, নিম্নগামী, ভাঁটি
**down cast** [ডাউন কাস্ট্] অধোবদন, মনমরা, বিষণ্ণ
**down fall** [ডাউন্‌ফল্] পতন, ধ্বংস
**down pour** [ডাউনপ(র্)] প্রবলবর্ষণ, প্রবল বারিপাত
**down stairs** [ডাউন-স্টেঅ(র্)জ্] নিচের তলা
**down train** [ডাউন্‌ট্রেন্] ভাটির ট্রেন (উজানের বিপরীত)
**doze** [ডৌজ্] ঝিমানো, তন্দ্রাভাব, তন্দ্রালু হওয়া
**doz en** [ডাজন্] ডজন, বারটি, তিনগণ্ডা
**draft** [ড্রাফ্‌ট্] মুসাবিদা, খসড়া, নক্‌শা, মুসাবিদা করা
**drag** [ড্রাগ্] হেঁচড়াইয়া লইয়া যাওয়া, ক্লান্তিভরে কষ্টে চলা, টানা
**drain** [ড্রেইন্] নর্দমা, নালা, নিষ্কাষণ করা, সেঁচিয়া ফেলা, শুষিয়া লওয়া
**drama** [ড্রামা] নাটক, চমকপ্রদ ঘটনাপ্রবাহ
**drap er** [ড্রেইপ(র্)] সুতা ও পশমের বস্ত্র-ব্যবসায়ী
**dras tic** [ড্র্যাস্‌টিক্] কঠোর, প্রচণ্ড, তীব্র
**draught** [ড্রাফ্‌ট্] খসড়া, নকসা, দমকা হাওয়া, এক চুমুক
**draw** [ড্রা] টানা, বাহির করা, আঁটা, খেলায় সমান সমান হওয়া
**draw back** [ড্রা ব্যাক্] অসুবিধা, হটিয়া আসা
**draw er** [ড্রয়া(র্)] টেবিলের দেরাজ, যে ব্যক্তি চেক কাটে
**draw ing** [ড্রইং] চিত্র, অঙ্কিত বস্তু, অর্থাকর্ষণ, টাকা তোলা

dove

**draw ing-room** [ড্রইং রুম] বসিবার ঘর, বৈঠকখানা
**dread** [ড্রেড্] আতঙ্ক, বিভীষিকা, শঙ্কা
**dream** [ড্রিম্] স্বপ্ন, স্বপ্ন দেখা, কল্পনা করা
**drench** [ড্রেন্চ্] বেশী রকম ভিজিয়া যাওয়া, বৃষ্টিতে ভিজা
**dress** [ড্রেস্] পোশাক, পোশাক পরা, জমি চৌরস করা, ক্ষতস্থান পরিষ্কার করিয়া ঔষধ লাগান, মাছ মাংস রান্নার জন্য প্রস্তুত করা
**drift** [ড্রিফ্ট্] ভাসিয়া চলা, প্রবাহ-চালিত, স্রোতে চালিত
**drill** [ড্রিল্] অনুশীলন, ব্যায়াম, তুরপুণ, ছিদ্র করা
**drink** [ড্রিঙ্ক] পানীয়, পান করা
**drip** [ড্রিপ্] ফোঁটা ফোঁটা ঝরা
**drive** [ড্রাইভ্] যন্ত্র বা গাড়ী চালানো, খেদাইয়া বাহির করা
**driz zle** [ড্রিজ্‌ল্] গুঁড়ি গুঁড়ি বৃষ্টি পড়া, গুঁড়ি গুঁড়ি বৃষ্টি

drill

**drone** [ড্রোন্] পুরুষ মৌমাছি, অলস, নিষ্কর্মা, পরপ্রত্যাশী
**droop** [ড্রুপ্] ক্লান্ত হইয়া ঝুঁকিয়া পড়া
**drop** [ড্রপ্] ফোঁটা, বিন্দু, যবনিকা, পরিত্যাগ করা, লিখিয়া পাঠান
**drought** [ড্রৌট্] অনাবৃষ্টি, খরা
**drown** [ড্রাউন্] জলে ডুবিয়া মরা
**drow sy** [ড্রাউজি] তন্দ্রালু, নিদ্রালু, ঢুলুঢুলু ভাব
**drug** [ড্রাগ্] ঔষধ, মাদকদ্রব্য
**drum** [ড্রাম্] ঢাক, ঢোল, মাদল, নাকাড়া, ড্রাম
**dry** [ড্রাই] শুষ্ক, খট্‌খটে, বৃষ্টিহীন

drum

**du al** [ড্যুএাল্] দ্বিবচন, দ্বিবাচক
**duck** [ডাক্] পাতিহাঁস, জলে চোবান
**due** [ডিউ] দেয়, উপযুক্ত, প্রাপ্য, মাসুল, খাজনা, বেতন
**duel** [ড্যুয়িল্] দ্বন্দ্বযুদ্ধ, দুইজনে হাতাহাতি যুদ্ধ
**dull** [ডাল্] স্থূলবুদ্ধি, নিরানন্দ, অনুজ্জ্বল, নীরস, হাবা
**du ly** [ড্যুলি] যথাযথভাবে, ঠিক সময়ে
**dumb** [ডাম্] বোবা, নীরব, মূক
**dum my** [ডামি] সাক্ষিগোপাল, নকল, অনুরূপ বস্তু
**dump** [ডাম্প্] আবর্জনা ফেলার জায়গা, গাদা করিয়া রাখা
**dunce** [ডান্স্] মূর্খ, হাবা, নীরেট
**dune** [ড্যুন্] বালিয়াড়ী, বালির পাহাড়

duck

**dung** [ডাং] পশুর বিষ্ঠা, **cow-dung** [কাউ ডাং] গোবর
**dun geon** [ডান্‌জেয়ন্‌] অন্ধকার ঘর, অন্ধকার কারাকক্ষ
**dupe** [ড্যুপ্‌] বেকুব, বঞ্চনা করা
**du pli cate** [ড্যুপ্লিকেইট্‌] দ্বিগুণ, দ্বৈত, প্রতিলিপি, প্রতিরূপ
**du ra ble** [ড্যুরেব্‌ল্‌] স্থায়ী, টেকসই
**dur ing** [ড্যুরিং] ব্যাপিয়া, সময়ের মধ্যে, স্থিতিকালে
**dusk** [ডাস্‌ক্‌] গোধূলি, সন্ধ্যার আবছায়া
**dust** [ডাস্‌ট্‌] ধূলিকণা **dust y** [ডাস্‌টি] ধূলিময়
**dust er** [ডাস্‌টা(র্‌)] ঝাড়ন, ঝুলঝাড়া
**du ti ful** [ড্যুটিফুল্‌] কর্তব্যপরায়ণ
**duty** [ড্যুটি] কর্তব্য, কার্য্যভার **duty-free** শুল্কমুক্ত
**dwarf** [ডোয়ার্‌(র্‌)ফ্‌] বামন, বেঁটে
**dwell** [ডবুয়েল্‌] বাসকরা **dweller** [ডবুয়েলা(র্‌)] বাসিন্দা, অধিবাসী
**dwell ing** [ডবুয়েলিং] বাসস্থান, বসত-বাড়ী
**dye** [ডাই] রং, রং করা **dye ing** রঞ্জনক্রিয়া, রাঙানো, রঞ্জন শিল্প
**dy ing** [ডাইয়িং] মুমূর্ষু, মর-মর অবস্থা, মৃত্যুকালীন
**dy nam ic** [ডাইন্যামিক্‌] গতিশীল, প্রচুর কর্মশক্তি সম্পন্ন
**dy na mite** [ডাইন্যামাইট্‌] ডিনামাইট, শক্তিশালী বিস্ফোরক দ্রব্য
**dy na mo** [ডাইন্যামো] বিদ্যুৎ প্রবাহ উৎপাদন-যন্ত্র
**dy nas ty** [ডিন্যাস্‌টি] রাজবংশ
**dy sen tery** [ডিসন্‌ট্‌রী] আমাশয়, অতিসার
**dys pep sia** [ডিস্‌পেপ্‌সিয়া] পেটের অসুখ, অজীর্ণ

## E e

**each** [ইচ্‌] প্রত্যেক
**ea ger** [ইগ্যা(র্‌)] আগ্রহশীল, আকুল, ব্যগ্র, অধীর
**ea gle** [ইগ্‌ল্‌] ঈগল পাখী

eagle

**ear** [ইয়্যা(র্‌)] কান, শ্রবণ-শক্তি, শস্যের শিষ, সেতার বা বেহালার চাবি
**ear-drop** [ইয়্যা(র্‌)ড্রপ্‌] কানের দুল
**ear-drum** [ইয়্যা(র্‌)ড্রাম্‌] কানের পর্দা
**ear-mark** [ইয়্যা(র্‌)মা(র্‌)ক্‌] ছাগল-ভেড়া প্রভৃতির কানে মালিকানার

চিহ্ন, বিশেষ উদ্দেশ্যে পৃথকভাবে চিহ্নিত করা, পৃথক করিয়া রাখা
**ear ly** [অ্যা(র্)লি] শীঘ্র, ভোরে, যথাসময়ের পূর্বে, পূরাকালে
**earn** [অ্যা(র্)ন্] আয় করা, অর্জন করা
**ear nest** [অ্যা(র্)নিসট্] ব্যগ্র, আন্তরিক
**ear nest-mon ey** [অ্যা(র্)ন্ইস্ট্মানি] বায়নার টাকা
**earn ing** [অ্যা(র্)নিং] রোজগার
**earth** [অ্যা(র্)থ্] পৃথিবী, ভূমি, মাটি
**earth quake** [অ্যা(র্)থ্ক্বোয়েইক্] ভূমিকম্প
**earth worm** [অ্যা(র)থ্ওয়া(র্)ম্] কেঁচো
**ease** [ইজ্] আরাম, শান্তি, স্বচ্ছন্দ্য, মুক্ত করা
**eas el** [ইজ্ল্] ইজেল, তে-পায়া বা চৌ-পায়া যাহাতে বোর্ড বা বড় কাগজ রাখিয়া ছবি আঁকা যায়, চিত্রাধার

easel

**east** [ইস্ট্] পূর্বদিক **east ern** [ইস্ট্যা(র্)ন্] পূর্বাঞ্চল, প্রাচ্য
**East er** [ইস্ট্যা(র্)] খ্রীষ্টের কবর হইতে সশরীরে পুনরুত্থান পর্ব
**easy** [ইজি] আরামপূর্ণ, সহজ, অবাধ
**eat** [ইট্] খাওয়া **eat a ble** [ইটেব্ল্] খাদ্য, ভোজ্য
**ebb** [এব্] ভাটা, হ্রাস, মন্দা
**eb on y** [এব্যনি] আবলুস্ কাঠ, আবলুসের ন্যায় কালো
**ech o** [একৌ] প্রতিধ্বনি
**e clipse** [এক্লিপ্স্] সূর্য বা চন্দ্র গ্রহণ, ম্লান করা, আঁধার করা
**e con o my** [ইক্যনমি] মিতব্যয়িতা, ব্যয়সঙ্কোচ
**e co nom ics** [ইক্যনমিক্স্] অর্থতন্ত্র, অর্থশাস্ত্র
**ec ze ma** [এক্সিম্যা] বিখাউজ, চুলকানি


eclipse

**edge** [এজ্] ধার, কিনারা
**ed i ble** [এডিব্ল্] খাদ্য, খাইবার উপযুক্ত
**e dict** [এডিক্ট্] অনুশাসন, নির্দেশ, রাজাজ্ঞা
**ed i fice** [এডিফিস্] অট্টালিকা, প্রাসাদ
**ed it** [এডিট্] সম্পাদনা করা **ed i tion** সংস্করণ **ed i tor** সম্পাদক
**ed i to ri al** [এডিটরিয়্যাল্] সম্পাদকীয়, সম্পাদকীয় প্রবন্ধ
**ed u cate** [এড্যুকেইট্] শিক্ষা দেওয়া,
**ed u ca tion** [এড্যুকেইশান্] শিক্ষা **co-ed u ca tion** সহশিক্ষা
**ed u cative** [এড্যুকেইটিভ্] শিক্ষাপ্রদ, শিক্ষামূলক

**ef face** [ইফেইস্] ঘষিয়া তোলা, মুছিয়া ফেলা, নিশ্চিহ্ন করা
**ef fect** [ইফেক্ট্] ফলাফল, পরিমাণ, মালপত্র
**ef fi ca cy** [এফিক্যাসি] অভীষ্টফল, কার্যফল
**ef fi gy** [এফিজ] কুশপুত্তলিকা, তুলা কাগজ কাঠ বা খড়ের প্রতিমূর্তি
**ef fi cien cy** [ইফিশ্যেন্সি] পারদর্শিতা, সক্ষমতা, কার্য-নৈপুণ্য
**ef fort** [এফা(র্)ট্] প্রচেষ্টা, উদ্যম, প্রয়াস, চেষ্টা
**egg** [এগ্] ডিম **egg-plant** বেগুন গাছ **egg-shell** ডিমের খোলা
**eight** [এইট্] আট **eighth** [এইট্থ্] অষ্টম, অষ্টমাংশ
**eigtht een** [এইটিন্] আঠার **eight eenth** অষ্টাদশতম
**eight i eth** [এইটিয়েথ্] অশীতিতম **eigtht y** [এইটি] আশী
**ei ther** [আইদ(র্)] উভয়ে, উভয়ের যে কোনটি, অন্যতর
**eject** [ইজেক্ট্] উচ্ছেদ করা, তাড়াইয়া দেওয়া, ক্ষেপণ করা
**e lab o rate** [ইল্যাবরিট্] বিস্তৃত করা, বাড়ানো, বিস্তারিত
**e lapse** [ইল্যাপ্স্] অতিবাহিত হওয়া, গত হওয়া
**e las tic** [ইল্যাস্টিক্] নমনীয়, স্থিতিস্থাপক, লাফানে, প্রসারশীল
**el bow** [এল্বো] কনুই, বাঁক, কনুইয়ের ধাক্কা দিয়া পথ করা
**eld er** [এল্ড(র্)] বয়সে বড়, বয়োজ্যেষ্ঠ
**e lect** [ইলেক্ট্] মনোনীত করা, বাছিয়া লওয়া
**e lec tion** [ইলেক্শান্] ভোট দ্বারা মনোনয়ন
**e lec tric** [ইলেক্ট্রিক্] বৈদ্যুতিক
**e lec tri cian** [ইলেক্ট্রিশ্যান্] ইলেকট্রিক মিস্ত্রি, বিদ্যুৎ-বিশারদ
**e lec tric ity** [ইলেক্ট্রিসিটি] বিদ্যুৎ, বিজলী, তড়িৎ
**e le gy** [এলিজি] শোকগাথা
**el e ment** [ইলিমেণ্ট্] উপাদান, অপরিহার্য অংশ, মৌলিক পদার্থ
**el e men ta ry** [এলিমেন্টারি] প্রাথমিক, প্রারম্ভিক
**el e phant** [এলিফান্ট্] হাতী
**el e vate** [এলিভেইট্] উন্নত করা, উপরে তোলা
**e lev en** [ইলেভ্ন্] এগার
**e lite** [এইলিট্] গণমান্য ব্যক্তিগণ, প্রধানেরা
**elongate** [ইলংগেইট্] লম্বা করা, বাড়ানো
**eloquence** [এলক্বোয়েন্স্] বাগ্মিতা, বাক্পটুতা
**else** [এল্স্] নচেৎ, অপরন্তু, অধিকন্তু

elephant

**else where** [এল্‌স্‌ওআ(র্‌)] অন্যত্র, স্থানান্তরে, অন্য কোনখানে
**em bank ment** নদী প্রভৃতির বাঁধ, নীচু জমির উপরে তৈরী উঁচু সড়ক
**em bar rass** [এম্‌ব্যারাস্‌] বিব্রত করা, বিড়ম্বিত করা
**em bez zle** [ইম্‌বেজ্‌ল্‌] তছরূপ করা, পরের টাকা আত্মসাৎ করা
**em brace** [ইম্‌ব্রেইস্‌] আলিঙ্গন করা, আশ্লিষ্ট হওয়া
**em broi der** [ইম্‌ব্রয়ডা(র্‌)] রঙিন সুতার দ্বারা কাপড়ে শিল্পকর্ম
**e merge** [ইম(র্‌)জ্‌] বাহির হইয়া আসা, নির্গত হওয়া
**e mer gen cy** [ইম্য(র্‌)জেন্‌সি] আপৎকালীন বা আকস্মিক প্রয়োজন
**em i grate** [এমিগ্রেইট্‌] স্থায়ীভাবে দেশান্তরী হওয়া, স্বদেশ ত্যাগ করা
**em i nent** [এমিনেনট্‌] প্রখ্যাত, লব্ধপ্রতিষ্ঠ
**e mit** [ইমিট্‌] নির্গত করা, ছাড়া, নিঃসরণ করা
**em o tion** [ইমৌশ্যন্‌] আবেগ, ভাবাবেগ
**em pire** [এম্‌পাইআ(র্‌)] সাম্রাজ্য **em per or** সম্রাট **em press** সম্রাজ্ঞী
**em ploy** [এম্‌প্লয়] নিযুক্ত করা, কাজে লাগান **-ment** নিয়োগ
**emp ty** [এম্‌টি] খালি, শূন্য, খালি করা
**en a ble** [ইন্‌এইব্‌ল্‌] সমর্থ হওয়া বা করা, ক্ষমতাপন্ন করা
**en cir cle** [ইন্‌স্য(র্‌)ক্‌ল্‌] ঘিরিয়া ফেলা, বেষ্টন করা
**en close** [ইন্‌ক্লোজ্‌] বেড়া দেওয়া, পরিবেষ্টিত করা, ভিতরে রাখা
**en core** [য়্যাংক(র্‌)] আবার হউক, শাবাশ-শাবাশ
**en cour age** [ইন্‌কারিজ্‌] উৎসাহিত করা
**en croach** [ইন্‌ক্রৌচ্‌] অবৈধভাবে আসা, সীমালঙ্ঘন করা
**end** [ইন্‌ড্‌] শেষ, সীমা, প্রান্তভাগ, সমাপ্তি, মৃত্যু
**en dow** [ইন্‌ডাউ] প্রদান করা, যৌতুক বা বৃত্তি দেওয়া
**en dure** [ইন্‌ড্যুঅ(র্‌)] সহ্য করা, স্থায়ী হওয়া, টেঁকা
**en e my** [এনিমি] শত্রু, প্রতিপক্ষ
**en er get ic** [এনা(র্‌)জেটিক্‌] উৎসাহী **en er gy** [এনা(র্‌)জি] উদ্যম
**en force** [ইন্‌ফ(র্‌)স্‌] চালু করা, বাধ্য করা
**en gage** [ইন্‌গেইজ্‌] নিযুক্ত করা, আকর্ষণ করা, বাগদান করা
**en gine** [এন্‌জিন্‌] এন্‌জিন্‌, কল, বাষ্পীয় যন্ত্র
**Eng lish** [ইংলিশ্‌] ইংরেজ জাতি, ইংরেজী ভাষা
**en hance** [ইন্‌হান্‌স্‌] বর্ধিত করা, প্রসারিত করা
**en joy** [ইন্‌জয়ই] আনন্দ পাওয়া, উপভোগ করা

**en large** [ইন্‌লা(র্‌)জ্‌] বড় করা, প্রসারিত করা
**en light en** [ইন্‌লাইটন্‌] আলোকপাত করা, বুঝিতে সাহায্য করা
**en list** [ইন্‌লিস্‌ট্‌] নিযুক্ত হওয়া, যুক্ত করা, তালিকাভুক্ত করা
**en mi ty** [এন্‌মিটি] শত্রুতা, বৈরিতা
**e nor mous** [ইন্‌অ(র্‌)ম্যস্‌] প্রচুর, সুবিশাল
**e nough** [ইনাফ্‌] যথেষ্ট, পর্যাপ্ত, ঢের
**en quire** [ইন্‌ক্বোইয়া(র্‌)] অনুসন্ধান করা, তদন্ত করা, জিজ্ঞাসা কর'
**en rich** [এন্‌রিচ্‌] সম্পদশালী করা, বর্ধিত করা
**en roll** [এন্‌রৌল্‌] তালিকাভুক্ত করা
**enroute** [আন্‌রুট্‌] পথিমধ্যে, যাইবার পথে
**en sue** [এন্‌স্যু] পরে ঘটা, অনুগামী হওয়া, উদ্ভূত হওয়া
**ensuing** [ইন্‌স্যুয়িং] আগামী
**en ter** [এন্‌ট্য(র্‌)] প্রবেশ করা, ভর্ত্তি করা
**en ter tain** [এন্‌ট্য(র্‌)টেইন্‌] চিত্তবিনোদন করা, অভ্যর্থনা সহ খাওয়ানো
**en tire** [ইন্‌টাইয়্য(র্‌)] সম্পূর্ণ, পুরাপুরি
**en ti tle** [ইন্‌টাইট্‌ল্‌] অধিকার দেওয়া, আখ্যা দেওয়া, অভিহিত করা
**entity** [এন্‌টিটি] অস্তিত্ব, সত্তা
**en trance** [এন্‌ট্রেন্‌স্‌] প্রবেশ, প্রবেশাধিকার, প্রবেশ-পথ, ফটক
**en treat** [ইন্‌ট্রিট্‌] কাকুতিমিনতি করা, অনুনয় বিনয় করা
**en ve lop** [এন্‌ভিল্যপ্‌] আবৃত করা, ঢাকিয়া ফেলা
**en ve lope** [এন্‌ভিলৌপ্‌] লেফাপা, খাম, মোড়ক, আচ্ছাদন
**en vi ron ment** [এন্‌ভাইরন্‌মেন্‌ট্‌] পরিবেশ, প্রতিবেশ
**en voy** [এন্‌ভয়ই] দূত, রাষ্ট্রদূত
**en vy** [এন্‌ভি] পরশ্রী কাতরতা, ঈর্ষা করা
**ep ic** [এপিক্‌] মহাকাব্য, (রামায়ণ মহাভারত প্রভৃতি)
**ep i sode** [এপিসৌড্‌] উপাখ্যান, কাহিনী
**epoch** [ইপক্‌] যুগ, কল্প
**e qual** [ইক্বয়েল্‌] সমান, সমকক্ষ
**e qua tor** [ইক্বয়েট(র্‌) নিরক্ষবৃত্ত, নিরক্ষরেখা, বিষুবরেখা
**e quip** [ইক্বুইপ্‌] সুসজ্জিত করা, সাজানো
**e ra** [ইর্য়া] যুগ, সন, অব্দ
**e rase** [ইরেইজ্‌] চাঁচিয়া তোলা, ঘষিয়া তোলা

**ere** [এআ্যা(র্)] পূর্বে, প্রাক্কালে
**erect** [ইরেক্ট্] খাড়া, সোজা, উন্নীত, উত্তোলিত
**err** [আ(র্)] ভুল করা, বিপথগামী হওয়া
**er rand** [এর‍্যান্ড্] প্রেরিত বার্ত্তা, সংবাদ, ন্যস্ত কাজ
**er ra tum** [ইরেটাম্] অশুদ্ধ, ভুল। বহুবচনে **errata**
**er ror** [এর‍্যা(র্)] ভুল
**es ca la tor** [এস্ক্যালেইট্যা(র্)] চলমান সিঁড়ি

escalator

**es cape** [ইস্কেইপ্] নিষ্কৃতি পাওয়া, পলায়ন করা, নির্গত হওয়া, এড়ান
**es pe cial ly** [ইস্পেশ্এ্যালি] বিশেষভাবে, প্রধানতঃ
**es say** [এসেই] প্রবন্ধ, প্রচেষ্টা
**es sence** [এস্ন্স্] নির্যাস, সারাংশ **es sen tial** [ইসেন্শ্যল্] অপরিহার্য
**es tab lish** [ইস্ট্যাব্লিশ্] প্রতিষ্ঠা করা, স্থাপন করা, প্রতিপাদন করা
**es tate** [ইস্টেইট্] তালুক, ভূ-সম্পত্তি
**es teem** [ইস্টিম্] শ্রদ্ধা, সমাদর, শ্রদ্ধা করা
**es ti mate** [এস্টিমেইট্] ব্যয় বরাদ্দ, যোগ্যতা নির্ধারণ, অনুমান করা
**e ter nal** [ইটা(র্)নল্] অনন্ত, অপরিবর্তনীয়, শাশ্বত
**e ter ni ty** [ইটা(র্)নিটি] অনন্তকাল, চিরকাল
**et i quette** [এটিকেট্] সৌজন্য, শিষ্টাচার, ভব্যতা
**e vade** [ইভেইড্] কৌশলে এড়ান, ফাঁকি দেওয়া
**eve** [ইভ্] সন্ধ্যাবেলা, কোনও ঘটনার ঠিক আগে, আদি মানবী
**e ven** [ইভেন্] এমনকি, সমতল, যুগ্ম
**eve ning** [ইভ্নিং] সন্ধ্যাকাল, সায়াহ্ন
**e vent** [ইভেণ্ট্] ঘটনা, পরিণাম
**e ven tual ly** [ইভেন্টুয়্যালী] পরিণামে, অবশেষে, শেষকালে
**ev er** [এভ্যা(র্)] সর্বদা, চিরকাল
**e ve ry** [এভ্রি] প্রত্যেক **e ver y bod y** প্রত্যেকে, সকলে
**e ve ry day** প্রত্যহ, দৈনন্দিন
**ev i dence** [এভিডেন্স্] প্রমাণ, সাক্ষ্য
**e vi dent** [এভিডেন্ট্] সুস্পষ্ট, প্রত্যক্ষ
**e vil** [ইভ্ল্] মন্দ, অসৎ, খারাপ, অনিষ্ট
**evoke** [ইভৌক্] আহ্বান করা, জাগরিত করা
**ev o lu tion** [ইভ্যালুশন্] ক্রমবিকাশ, বিবর্তন, উদ্ঘাটন

**ewe** [য়ু] ভেড়ী **ex** [এক্‌স্‌] প্রাক্তন
**ex act** [ইগ্‌জ্যাক্‌ট্‌] যথাযথ, নির্ভুল, বলপূর্বক আদায় করা
**ex ag ger ate** [ইগ্‌জ্যাজ্যরেইট্‌] অতিরঞ্জন করা, বাড়াইয়া বলা
**ex am i na tion** [ইগ্‌জ্যামিনেইশন্‌] পরীক্ষা, অনুসন্ধান, তদন্ত
**ex am ine** [ইগ্‌জ্যামিন্‌] পরীক্ষা করা, জেরা করা, যাচাই করা
**ex am ple** [ইগ্‌জাম্‌পল্‌] নমুনা, উদাহরণ, দৃষ্টান্ত, আদর্শ
**ex ca va tion** [এক্‌স্‌কাভেইশন্‌] খনন
**ex ceed** [ইক্‌সীড্‌] অতিক্রম করা, ছাড়াইয়া যাওয়া
**ex cel** [ইক্‌সেল্‌] অতিক্রম করা, ছাড়াইয়া যাওয়া
**ex cel lent** [এক্‌সেল্যণ্ট্‌] অতি চমৎকার, সর্বোৎকৃষ্ট
**ex cept** [ইক্‌সেপ্‌ট্‌] বাদ দেওয়া, ব্যতীত
**ex cerpt** [এক্‌স্যা(র্‌)প্‌ট্‌] কোন লেখার উদ্ধৃত অংশ
**ex cess** [এক্‌সেস্‌] মাত্রাতিরিক্ত, বাড়াবাড়ি, অমিতাচার
**ex change** [এক্‌স্‌চেইন্‌জ্‌] বিনিময় করা, বিনিময়, বদল
**ex cise** [এক্‌সাইজ্‌] আবগারী শুল্ক, ছাঁটিয়া ফেলা, বাদ দেওয়া
**ex cite** [ইক্‌সাইট্‌] সক্রিয় করা, উত্তেজিত করা **ex cit ing** উত্তেজক
**ex claim** [এক্‌স্‌ক্লেইম্‌] চীৎকার করিয়া উঠা
**ex clude** [ইক্‌স্‌ক্লুড্‌] বাদ দেওয়া **ex clu sive** একচেটিয়া
**ex cur sion** [ইক্‌স্‌ক(র্‌)শন্‌] ইতস্ততঃ ভ্রমণ, পরিভ্রমণ, প্রমোদ ভ্রমণ
**ex cuse** [ইক্‌স্‌কাজ্‌] মাফ করা, ওজর দেখান
**ex em plary** [ইস্‌জেমপ্লারি] অনুকরণযোগ্য, দৃষ্টান্তস্বরূপ
**ex emp tion** [ইগ্‌জেম্‌শন্‌] অব্যাহতি, নিষ্কৃতি
**ex er cise** [এক্‌স্যা(র্‌)সাইজ্‌] অনুশীলন, চর্চা, ব্যায়াম, ক্ষমতা প্রয়োগ করা
**ex ert** [ইগ্‌জা(র্‌)ট্‌] উদ্যম করা, প্রয়াস করা
**ex haust** [ইগ্‌জ্‌স্‌ট্‌] ফুরাইয়া ফেলা, নিঃশেষ করা, খালি করা
**ex hib it** [ইগ্‌জিবিট্‌] প্রদর্শন করা, দেখান, জাহির করা
**ex hi bi tion** [এক্‌সিবিশ্যন্‌] প্রদর্শনী, মেলা
**ex ile** [এগ্‌সাইল্‌] নির্বাসন, নির্বাসিত, নির্বাসিত করা
**ex ist** [ইগ্‌জিস্‌ট্‌] বিদ্যমান থাকা, বাঁচিয়া থাকা, অবস্থান করা
**ex it** [ইগ্‌জিট্‌] প্রস্থান, নিষ্ক্রমণ, বহির্গমন
**exo dus** [এক্‌স্যাড্‌স্‌] দলবদ্ধভাবে প্রস্থান (দেশত্যাগ), নিষ্ক্রমণ
**ex pand** [ইক্‌স্‌প্যান্‌ড্‌] সম্প্রসারণ করা, বিস্তার করা, বাড়ানো

**ex pect** [এক্‌স্‌পেক্‌ট্‌] প্রত্যাশা করা **expectation** প্রত্যাশা, প্রতীক্ষা
**ex pe dite** [এক্‌স্‌পিডাইট্‌] তৎপর হওয়া, তাড়াতাড়ি করা
**ex pe di tion** [এক্‌স্‌পিডিশন্‌] অভিযান, সামরিক অভিযান
**ex pel** [ইক্‌স্‌পেল্‌] বিতাড়িত করা, নির্বাসিত করা, নির্গত করা
**ex pen di ture** [ইক্‌স্‌পেন্‌ডিচ্যা(র্‌)] খরচ, ব্যয়
**ex pense** [ইক্‌স্‌পেন্‌স্‌] ব্যয়, খরচ **ex pen sive** ব্যয়সাধ্য, বহুমূল্য
**ex pe ri ence** [ইক্‌স্‌পিরিয়েন্‌স্‌] অভিজ্ঞতা, অনুভূতি
**ex per i ment** [ইক্‌স্‌পেরিম্যান্‌ট্‌] গবেষণা, পরখ, পরীক্ষা
**ex pert** [এক্‌স্‌প্যা(র্‌)ট্‌] দক্ষ, কুশলী, অভিজ্ঞ, ওস্তাদ
**ex pire** [ইকস্‌পাই(র্‌)] শেষ হওয়া, শেষ নিশ্বাস ফেলা
**ex plain** [এক্‌স্‌প্লেইন্‌] ব্যাখ্যা করা, কৈফিয়ৎ দেওয়া
**ex pla na tion** [এক্‌স্‌প্ল্যানেইশন্‌] কৈফিয়ৎ, ব্যাখ্যা
**ex plode** [এক্‌স্‌প্লোড্‌] সহসা ফাটিয়া যাওয়া, সশব্দে বিস্ফোরণ হওয়া
**ex plore** [ইক্‌স্‌প্ল(র্‌)] আবিষ্কারের উদ্দেশ্যে পরিভ্রমণ করা
**ex plo sive** [ইক্‌স্‌প্লোসিভ্‌] বিস্ফোরক বস্তু, সহজদাহ্য বারুদ
**ex port** [এক্‌স্‌প্যা(র্‌)ট্‌] রপ্তানী করা, বিদেশে মাল পাঠানো
**ex pose** [ইক্‌স্‌পোজ্‌] অনাবৃত করা, খুলিয়া প্রকাশ করা, প্রকট করা
**ex press** [ইক্‌স্‌প্রেস্‌] প্রকাশ করা, সুব্যক্ত, স্পষ্ট, দ্রুতগামী রেলগাড়ী
**ex tem pore** [একস্‌টেম্‌প্যারি] উপস্থিতমত, সঙ্গে সঙ্গে, তৎক্ষণাৎ
**ex tend** [ইকস্‌টেনড্‌] বাড়াইয়া দেওয়া, প্রসারিত করা
**ex te ri or** [একস্‌টিয়্যারিআ(র্‌)] বাহিরের, বৈদেশিক
**ex ten sion** [ইক্‌স্‌টেন্‌শ্যন্‌] প্রসার, ব্যাপ্তি
**ex tent** [ইক্‌স্‌টেন্‌ট্‌] বিস্তৃতি, এলাকা, আয়তন, সীমা
**ex ter nal** [এক্‌স্‌ট্যা(র্‌)ন্‌ল্‌] বাহিরের, বাহ্যিক, বহিঃস্থ
**ex tin guish** [ইক্‌স্‌টিংগুইশ্‌] নিভান, নির্বাপিত করা, দমন করা
**extort** [ইক্‌স্‌ট্যা(র্‌)ট্‌] জোর করিয়া বা মোচড় দিয়া আদায় করা
**ex tra** [এক্‌স্‌ট্রা] অতিরিক্ত, ফালতু
**ex tract** [ইক্‌স্‌ট্র্যাক্‌ট্‌] টানিয়া বাহির করা, তুলিয়া ফেলা, নিষ্কাষণ করা, নির্যাস, কোন রচনার অংশ বিশেষ
**ex traor di nary** [ইক্‌স্‌ট্রা(র্‌)ডিনারি] অসামান্য, অসাধারণ, অদ্ভুত
**ex trav a gant** [ইকস্‌ট্র্যাভিগান্‌ট্‌] অপব্যয়ী, অমিতব্যয়ী, অসংযত
**ex treme** [ইকস্‌ট্রিম্‌] চূড়ান্ত, চরম, দূরতম

**eye** [আই] চক্ষু, নজর, লক্ষ্য, গোলগর্ত, ছুঁচের ছেঁদা
**eye lash** [আইল্যাশ্] চোখের পাতার লোম, অক্ষিপক্ষ্ম
**eye lid** [আইলিড্] চোখের পাতা
**eye open er** [আইঔপন্য(র্)] চোখ ফুটানো, অবহিত করানো, জ্ঞানদাতা
**eye sight** [আইসাইট্] দৃষ্টি, দৃষ্টিশক্তি **eye-sore** [আইসৌর্] চক্ষুঃশূল
**eye-witness** [আই-উইট্নিস্] প্রত্যক্ষদর্শী, সাক্ষী, স্বচক্ষে দেখা সাক্ষী

## F f

**fa ble** [ফেইবল্] উপকথা, অলীক কাহিনী
**face** [ফেইস্] মুখমণ্ডল, চেহারা, সম্মুখীন হওয়া
**fact** [ফ্যাক্ট্] প্রকৃত ঘটনা, তথ্য
**fac to ry** [ফ্যাক্টরি] কারখানা
**fad** [ফ্যাড্] বাতিক, পাগলামি
**fade** [ফেইড্] ধীরে ধীরে বিলীন হওয়া, ক্রমে ক্রমে ফ্যাকাশে হওয়া
**fail** [ফেইল্] ব্যর্থ হওয়া, ফেল পড়া, অসমর্থ হওয়া
**faint** [ফেইন্ট্] ক্ষীণ, অস্পষ্ট, বিবর্ণ, মূর্ছিত হওয়া
**fair** [ফেয়্য(র্)] মেলা, উৎসব, বাজার, সুন্দর, নিরপেক্ষ, পরিষ্কার
**fair y** [ফেয়্যারি] পরী, কল্পিত **fairy tale** উপকথা
**faith** [ফেইথ্] আস্থা, বিশ্বাস, ধর্ম, ভক্তি
**faith ful** [ফেইথ্ফুল্] বিশ্বাসী, যথাযথ, অনুরক্ত
**fake** [ফেইক্] জাল, সাজানো, মিথ্যা
**falcon** [ফলক্যন্, ফ:ক্যন্] বাজপাখী

falcon

**fall** [ফল্] পড়া, নামিয়া আসা, ঝরা, পতন, ঢল, ঝরণা, জলপ্রপাত
**fal low** [ফ্যালো] অনাবাদী, পতিত (জমি)
**false** [ফল্স্] মিথ্যা, জাল, মেকি
**fal si fy** [ফল্সিফাই] জাল করা, মিথ্যা বর্ণনা দেওয়া
**fame** [ফেইম্] খ্যাতি, যশ
**fa mil iar** [ফ্যামিলিয়্য(র্)] সুপরিচিত, চলিত, অন্তরঙ্গ
**fam i ly** [ফ্যামিলি] পরিবার, গোষ্ঠী, জাতি
**fam ine** [ফ্যামিন্] দুর্ভিক্ষ
**fam ished** [ফ্যামিশট্] অত্যন্ত ক্ষুধাতুর, অনাহারে ক্ষীণ

**famous** [ফেইম্যস্] বিখ্যাত, সুপরিচিত
**fan** [ফ্যান্] গোঁড়া ভক্ত, উগ্র অনুরাগী, কুলা, পাখা, হাওয়া করা
**fanatic** [ফ্যান্যাটিক্] গোঁড়ামিপূর্ণ
**fancy** [ফ্যান্সি] কল্পনা, শখ, রুচি, পছন্দসই, খেয়াল
**fang** [ফ্যাং] বিষ দাঁত, সাপ বা হিংস্র জন্তুর তীক্ষ্ন দাঁত
**far** [ফা(র্)] দূরবর্তী **farther** [ফা(র্)দা(র্)] আরও দূরবর্তী
**farce** [ফা(র্)স্] প্রহসন, হাস্যকর
**fare** [ফেয়া(র্)] যানবাহনের ভাড়া, পথ-খরচ, খাদ্য, চলা
**farewell** [ফেয়া(র্)ওয়েল্] বিদায়, বিদায় অভিনন্দন
**farm** [ফা(র্)ম্] খামার, কৃষি বা পশুপালনের প্রতিষ্ঠান
**farmer** [ফা(র্)ম্যা(র্)] কৃষক, চাষী
**farther** [ফা(র্)দা(র্)] দূরতর, আরও দূরে
**farthing** [ফা(র)দিং] ব্রিটিশ মুদ্রা, এক পেনির চতুর্থাংশ
**fashion** [ফ্যাশ্যন্] রীতি, গঠন, নমুনা পদ্ধতি, গঠন করা
**fast** [ফাস্ট্] দ্রুত, উপবাস করা, পাকা (রং), গভীর (নিদ্রা)
**fasten** [ফাস্ন্] দৃঢ়ভাবে আবদ্ধ করা, সংলগ্ন করা
**fat** [ফ্যাট্] মোটা, চর্বি
**fatal** [ফেইটল্] মারাত্মক, সর্বনাশা, সাংঘাতিক
**fate** [ফেইট্] নিয়তি, ভাগ্য, অদৃষ্ট **fatefull** চরম পরিণামজনক
**father** [ফাদ্যা(র্)] পিতা, প্রবর্তক, (খ্রীষ্টান) ধর্মযাজকের আখ্যা
**father-in-law** [ফাদ্যা(র্)ইন্ল্যা] শ্বশুর
**fatigue** [ফ্যাটিগ্] শ্রান্তি, ক্লান্তি, অবসন্নতা
**fault** [ফল্ট্] দোষ, ত্রুটি, খুঁত **fault finding** ছিদ্রান্বেষণ
**favour** [ফেইভা(র্)] অনুগ্রহ, প্রশ্রয়, পক্ষপাত
**fawn** [ফন্] হরিণ-শাবক
**fear** [ফিয়া(র্)] আশঙ্কা, ভয়, ত্রাস **fearful** ভয়ানক, ভয়ঙ্কর
**feast** [ফিস্ট্] ভোজ, উৎসব
**feat** [ফিট্] কৃতিত্ব, সাহসিক কর্ম, আশ্চর্য কৌশল
**feather** [ফেদা(র্)] পাখীর পালক, গৌরব-চিহ্ন
**February** [ফেব্রুআরি] ফেব্রুআরি মাস
**fed up** [ফেড্ আপ্] বিরক্ত হওয়া, হাল ছাড়িয়া দিয়াছে এমন
**feature** [ফিচ্যা(র্)] গঠন, অবয়ব, বৈশিষ্ট্য

**fee** [ফি] পারিশ্রমিক, বেতন, দর্শনী, দক্ষিণা
**fee ble** [ফিব্‌ল্‌] অতি দুর্বল, নিস্তেজ, ক্ষীণ
**feed** [ফিড্‌] খাদ্য, খাওয়ান, **feed er** রসদদার, সরবরাহকারী
**feel** [ফিল্‌] স্পর্শ করা, অনুভব করা, উপলব্ধি করা
**fell** [ফেল্‌] ধাক্কা দিয়া ফেলিয়া দেওয়া, কাটিয়া ফেলা (গাছ)
**fel low** [ফেলো] সহকর্মী, সদস্য, সহচর
**felt** [ফেলট্‌] চাপে জমানো পশমী কাপড়, মোটা বনাত বিশেষ
**fe male** [ফিমেইল্‌] স্ত্রীজাতীয়, স্ত্রীলোক
**fem i nine** [ফেমিনিন্‌] স্ত্রীসুলভ, কোমল, কমনীয়
**fence** [ফেন্‌স্‌] বেড়া, ঘের, গরাদ
**fe ro cious** [ফ্যরৌশ্যস্‌] হিংস্র, বন্য, দুর্দান্ত

fence

**fer ry** [ফেরি] খেয়াঘাট, খেয়ানৌকা, খেয়া পার হওয়া বা করান
**fer tile** [ফ্যা(র্‌)টাইল্‌] উর্বর, প্রচুর শস্য উৎপাদনক্ষম
**fer ti lise** [ফা(র্‌)টিলাইজ্‌] উর্বরা করা, প্রচুর শস্যদায়িনী করা
**fes ti val** [ফেস্‌টিভেল্‌] পর্ব, উৎসব **fes tive** উৎসব-মুখরিত, আনন্দময়
**fes toon** [ফেস্‌টুন্‌] দুইটি দণ্ডের মাথায় ঝুলান মালা বা কাপড়
**fetch** [ফেচ্‌] যাইয়া আনা, সংগ্রহ করা, দাম পাওয়া
**fete** [ফেট্‌] উৎসব, পর্ব
**feud** [ফিউড্‌] বিবাদ, পারিবারিক কলহ
**fe ver** [ফিভ্যা(র্‌)] জ্বর, উত্তেজনা
**few** [ফ্যিউ] কয়েকটি, অল্পসংখ্যক
**fi bre** [ফাইবা(র্‌)] আঁশ, ছিবড়া
**fic tion** [ফিক্‌শ্যন্‌] অলীক গল্প, উপন্যাস, কাহিনী
**fid dle** [ফিড্‌ল্‌] বেহালা, তুচ্ছ কাজে ব্যস্ত থাকা
**fi del i ty** [ফিডেলিটি] সততা, আনুগত্য, বিশ্বস্ততা
**fid get** [ফিজিট্‌] অস্থিরভাবে চলা
**fie** [ফাই] ধিক, ছি! **fie on you** তোমাকে ধিক্‌!
**field** [ফিল্‌ড্‌] মাঠ, গো-চারণভূমি, খেলার মাঠ
**fiend** [ফিন্‌ড্‌] শয়তান, নরপিশাচ
**fierce** [ফিআ্য(র্‌)স্‌] হিংস্র, প্রচণ্ড
**fi er y** [ফায়্যারি] অগ্নিবর্ষী, জ্বালাময়, তেজস্বী, আগুনের মত
**fif teen** [ফিফ্‌টিন্‌] পনের

**fifth** [ফিফ্‌থ্‌] পঞ্চম
**fifth column** [ফিফ্‌থ্‌ কলাম্‌] গোপনে শত্রুর সহায়ক দেশদ্রোহীদল, পঞ্চম বাহিনী
**fif ti eth** [ফিফ্‌টিয়েথ্‌] পঞ্চাশত্তম
**fifty** [ফিফ্‌টি] পঞ্চাশ
**fig** [ফিগ্‌] ডুমুর, তুচ্ছবস্তু
**fight** [ফাইট্‌] যুদ্ধ করা, প্রতিযোগিতা, যুদ্ধ, লড়াই
**figure** [ফিগা(র্‌)] চেহারা, গঠন, সংখ্যা, মূর্তি
**file** [ফাইল্‌] উখা, কাগজ রাখার ফাইল, পরপর সুবিন্যস্তভাবে দাঁড়ান
**fill** [ফিল্‌] পূর্ণ পরিমাণ, পূর্ণ করা
**film** [ফিল্‌ম্‌] পাতলা পরদা, ঝিল্লি, ফটোর ফিল্‌ম, চলচ্চিত্র
**fil ter** [ফিল্‌ট্যা(র্‌)] চোয়ান, পরিস্রুত করা
**filth y** [ফিল্‌থি] নোংরা, অশ্লীল, অপরিষ্কার
**fi nal** [ফাইনল্‌] শেষ, চরম **finally** চূড়ান্তভাবে, অবশেষে
**fi nance** [ফাইন্যান্‌স্‌] আর্থিক সংস্থান, টাকা বা মূলধন জোগান
**fi nan cial** [ফাইন্যান্‌শ্যেল্‌] আর্থিক, টাকাকড়ি সংক্রান্ত
**find** [ফাইন্‌ড্‌] প্রাপ্তদ্রব্য, খুঁজিয়া বাহির করা, দেখিতে পাওয়া
**fine** [ফাইন্‌] চমৎকার, সুন্দর, মিহি, পরিষ্কার, সূক্ষ্ম, জরিমানা
**in fine** অবশেষে
**fin er y** [ফাইনারি] চটকদার পোষাক বা অলঙ্কার
**fin ger** [ফিংগ্যা(র্‌)] আঙ্গুল, অঙ্গুলি চালনা, স্পর্শ করা
**fin ish** [ফিনিশ্‌] শেষ করা
**fi nite** [ফাইনাইট্‌] সীমাবদ্ধ, সসীম
**fir** [ফ্যা(র্‌)] দেবদারু গাছের ন্যায় এক প্রকার গাছ
**fire** [ফাইআ(র্‌)] আগুন, গুলি করা
**fire-bri gade** [ফাইআ(র্‌)-ব্রিগেইড্‌] অগ্নিনির্বাপক বাহিনী
**fire man** [ফাইআ(র্‌)ম্যান্‌] দমকলের কর্মী, এঞ্জিনে যে ব্যক্তি কয়লা দেয়
**fire place** [ফাআ(র্‌)প্লেস্‌] শীত প্রধান স্থানে ঘরের যেখানে আগুন জ্বালান হয়, অগ্নিকুণ্ড
**fire proof** [ফাইআ(র্‌)প্রুফ্‌] অদাহ্য, অগ্নিসহ

fig

file

fir

**fire side** [ফাইঅ্যা(র্)সাইড্] উনানের বা অগ্নিকুণ্ডের পার্শ্বে
**fire wood** [ফাইয়্যা(র্)উড্] জ্বালানী কাঠ
**fire work** [ফাইয়্যা(র্)ওয়্যা(র্)ক্] বাজি, বিস্ফোরণ, আতস বাজি
**firm** [ফ্যা(র্)ম্] ব্যবসায় প্রতিষ্ঠান, কারবার, স্থির, অটল
**first** [ফ্যা(র্)স্ট্] প্রথম, সকলের আগে; **-aid** প্রাথমিক চিকিৎসা
**fiscal** [ফিস্‌ক্যেল্] সরকারী রাজস্ব বিষয়ক, আর্থিক
**fish** [ফিশ্] মাছ, মাছ ধরা
**fish bone** [ফিশ্‌বোন্] মাছের কাঁটা
**fish er man** [ফিশা(র্)ম্যান্] জেলে, ধীবর
**fish er y** [ফিশারি] মাছের চাষ, মাছের জলা বা ভেড়ি
**fish-hook** [ফিশ্‌হুক্] বঁড়শি
**fishmonger** [ফিশ্‌মাংগা(র্)] যে মাছ বিক্রয় করে
**fish plate** [ফিশ্‌প্লেইট্] রেললাইন-স্লিপার সংযোজক লৌহপট্ট
**fish wom an** [ফিশ্‌উঅম্যান্] মেছুনী
**fis sure** [ফিস্যা(র্)] ফাটল
**fist** [ফিস্‌ট্] মুষ্টি, ঘুসি মারা
**fit** [ফিট্] যোগ্য, মানানসই, উপযুক্ত, খাপখাওয়া, মৃগী ব্যারাম
**five** [ফাইভ্] পাঁচ
**fix** [ফিক্‌স্] সঙ্কট, মুশকিল, আঁটা, পাকাপাকি ব্যবস্থা করা
**fix ture** [ফিক্‌স্‌চ্যা(র্)] বাড়ীর অস্থাবর বস্তু—যেমন ইলেক্‌ট্রিক লাইন সাইনবোর্ড ইত্যাদি, পূর্ব নির্ধারিত দিন (যেমন খেলার)
**flag** [ফ্ল্যাগ্] নিশান, পতাকা
**flake** [ফ্লেইক্] পাত, ক্ষুদ্র ক্ষুদ্র হালকা পাত বিশেষ
**flame** [ফ্লেইম্] আগুনের ঝলক, অগ্নি-শিখা, স্ফুলিঙ্গ
**flan nel** [ফ্ল্যানেল্] পশমী কাপড় বিশেষ, ফ্লানেল
**flap** [ফ্ল্যাপ্] পাখার ঝাপটা, ডানার ন্যায় ঝোলা
**flare** [ফ্লেঅ(র্)] দাউ দাউ করিয়া জ্বলা, হঠাৎ জ্বলিয়া উঠা
**flash** [ফ্ল্যাশ্] আকস্মিক আলোর ঝলক, চমক
**flask** [ফ্ল্যাস্‌ক্] ফ্লাস্‌ক্, তরল পানীয় গরম রাখার বোতল

flask

**flat** [ফ্ল্যাট্] বড় বাড়ীর স্বয়ং সম্পূর্ণ অংশ, নীরস, চেপ্‌টা, স্পষ্টভাবে
**flat ten** [ফ্ল্যাটন্] চেপ্‌টা করা
**flat ter** [ফ্ল্যাট্যা(র্)] মোসাহেবি করা, তোষামোদ করা

**flat tery** [ফ্ল্যাট্যরি] তোষামোদ, চাটুবাদ
**fla vour** [ফ্লেইভ্য(র্)] সুস্বাদুতা, সুগন্ধ
**flaw** [ফ্ল] দোষ, ত্রুটি, ছিদ্র, খুঁত
**flaw less** [ফ্ললিস্] নির্দোষ, নিখুঁত
**flea** [ফ্লি] চিমড়া মাছি, নীল মাছি, পিসু
**flee** [ফ্লি] পলায়ন করা
**fleece** [ফ্লিস্] ভেড়ার লোম
**fleet** [ফ্লিট্] নৌবহর, বাস, লরী বা মোটর গাড়ীর বহর
**flesh** [ফ্লেশ্] মাংস, শাঁস
**flex i ble** [ফ্লেক্স্যবল্] নমনীয়, সহজে বাঁকা করার যোগ্য
**flick** [ফ্লিক্] আলতোভাবে আঘাত করা, আঙুল দিয়া টুসকি মারা
**flick er** [ফ্লিকা(র্)] কম্পিতভাবে জ্বলা, পত্‌পত্ করা
**flight** [ফ্লাইট্] বিমান ভ্রমণ, পলায়ন, সোপানশ্রেণী
**flim sy** [ফ্লিম্‌জি] পাতলা, তুচ্ছ, ক্ষীণ
**fling** [ফ্লিং] নিক্ষেপ করা
**flint** [ফ্লিন্ট্] চকমকি পাথর
**float** [ফ্লোট্] ভাসা, বাজারে ছাড়া, চালু করা, (বঁড়শীর) ফাতনা, ভেলা
**flock** [ফ্লক্] (ভেড়ার) দল, ঝাঁক, দলে দলে একত্রিত হওয়া
**flog** [ফ্লগ্] বেত মারা
**flood** [ফ্লাড্] বন্যা, জলপ্লাবন, জোয়ার, জলে দেশ ভাসিয়া যাওয়া
**floor** [ফ্ল্য(র্)] ঘরের মেজে, অট্টালিকার তল, মঞ্চ
**flora** [ফ্লর্য্য] (স্থান বিশেষের) গাছ-গাছড়া **flo ral** [ফ্ল্যরেল্] পুষ্পময়, ফুলের
**flor ist** [ফ্লরিস্ট্] ফুলওয়ালা, ফুলবিক্রেতা
**flour** [ফ্লাউঅ্য(র্)] ময়দা, ছাতু
**flour ish** [ফ্লারিশ্] সতেজে বাড়িয়া উঠা, আবির্ভূত হওয়া
**flout** [ফ্লাউট্] অবজ্ঞা করা, অগ্রাহ্য করা
**flow** [ফ্লৌ] স্রোত, প্রবাহ, ধারা, বহিয়া চলা, প্রবাহিত হওয়া
**flow er** [ফ্লাউঅ্য(র্)] ফুল, কোন কিছুর শ্রেষ্ঠ অংশ, ফুল ফোটা
**flu ent** [ফ্লুয়্যান্ট্] অনর্গল, বাক্‌পটু, সাবলীল
**fluff** [ফ্লাফ্] নরম ফেঁসো, কোমল মসৃণ পালক
**fluid** [ফ্লুইড্] তরল, দ্রব, জলীয় পদার্থ
**fluke** [ফ্লুক্] দৈবপ্রেরিত সৌভাগ্য, একপ্রকার পোকা

flea

**flush** [ফ্লাশ্] লজ্জায় লাল হওয়া, জলের তোড়, তাসের খেলা বিশেষ
**flute** [ফ্লুট্] 'ফ্লুট' এক প্রকার বাঁশী, মুরলী, বেণু
**fly** [ফ্লাই] মাছি, ওড়া, বিমানে ভ্রমণ করা
**fly ing fox** [ফ্লাইং ফক্স্] চামচিকা, বাদুড়বিশেষ
**foam** [ফৌম্] ফেনা, গাঁজলা
**fod der** [ফডা(র্)] গরু মহিষ ইত্যাদির খাদ্য, জাব
**foe** [ফৌ] শত্রু
**fog** [ফগ্] কুয়াশা, কুহেলিকা **fog gy** [ফগি] কুয়াশাচ্ছন্ন
**fold** [ফৌল্ড্] ভাঁজ, খোঁয়াড়, ধর্মসম্প্রদায়
**fold er** [ফৌল্ড্যা(র্)] চিত্রবহা, দুই বা বহু ভাঁজের প্রচারপত্র
**folk** [ফৌক্] লোকসকল, আত্মীয়স্বজন
**fol low** [ফলৌ] অনুসরণ করা, মানিয়া চলা, বুঝিতে পারা
**fol low er** [ফলৌআ(র্)] অনুগামী, শিষ্য, অনুচর
**fol low ing** [ফলৌইং] নিম্নলিখিত, নিম্নোক্ত
**fol ly** [ফ্যলি] বোকামি, আহাম্মকি, মূর্খতা
**fo ment** [ফৌমেনট্] সেক দেওয়া, উস্কাইয়া দেওয়া, উত্তেজিত করা
**fond** [ফন্ড্] স্নেহপরায়ণ, প্রিয়, স্নেহান্ধ, আসক্ত
**fool** [ফুল্] বোকা, বোকা বানানো, প্রতারণা করা **fool ish** [ফুলিশ্] নির্বোধ
**foot** [ফুট্] পায়ের পাতা, পাদদেশ, কবিতার চরণ
**foot ball** [ফুট্বল্] ফুটবল
**foot hill** [ফুটহিল্] পর্বতের পাদদেশের ছোট টিলা, পাদশৈল
**foot path** [ফুট্পাথ্] ফুটপাথ, বড় রাস্তার পাশে হাটিয়া চলার পথ
**foot print** [ফুট্প্রিণ্ট্] পায়ের ছাপ, পদাঙ্ক
**foot step** [ফুট্স্টেপ্] পদক্ষেপ, দৃষ্টান্ত
**foot wear** [ফুটওয়েআ(র্)] পাদুকা, নানারকমের জুতা
**for** [ফ(র্)] জন্য, কারণ
**for bid** [ফ(র্)বিড্] নিষেধ করা, কোন কিছু করিতে বারণ করা
**force** [ফ্য(র্)স্] শক্তি, প্রভাব, বাধ্য করা
**fore cast** [ফ(র্)কাস্ট্] ভবিষ্যদ্বাণী
**fore fathers** [ফৌ(র্)ফাদা(র্)স্] পূর্বপুরুষগণ
**fore fin ger** [ফ্য(র্)ফিংগা(র্)] তর্জনী
**fore front** [ফৌ(র্)ফ্রনট্] সবার আগে, পুরোভাগে

flute

**fore go ing** [ফৌ(র্)গউইং] পূর্ববর্তী
**fore head** [ফ(র্)হেড্] কপাল
**for eign** [ফরিন্] বিদেশী, বিজাতীয়, অজ্ঞাত
**fore man** [ফ্য(র্)ম্যান্] মুখপাত্র, কর্মীপ্রধান, সর্দার
**fore most** [ফৌ(র্)মৌসট্] প্রথম, প্রধান, অগ্রগণ্য
**fore noon** [ফৌ(র্)নুন্] পূর্বাহ্ণ
**fore run ner** [ফৌ(র্)রানা(র্)] অগ্রদূত, ভাবীসূচনা
**fore shore** [ফৌ(র্)শৌ(র্)] বেলাভূমি, সৈকত
**for est** [ফরিস্ট্] জঙ্গল, বন
**for ev er** [ফ(র্)এভা(র্)] চিরতরে, চিরকালের জন্য
**for feit** [ফ(র্)ফীট্] বাজেয়াপ্ত করা
**forge** [ফ(র্)জ্] সাঁহ-জাল করা, আস্তে আস্তে অগ্রসর হওয়া
**for ger y** [ফৌ(র্)জারি] জালিয়াতি
**for get** [ফ্য(র্)গেট্] ভুলিয়া যাওয়া
**for give** [ফ(র্)গিভ্] ক্ষমা করা
**for go** [ফ(র্)গৌ] অধিকার ছাড়িয়া দেওয়া, পরিহার করা
**fork** [ফ্য(র্)ক্] কাঁটা (খাইবার সময় ব্যবহারের), কাঁটাওয়ালা কোদালি
**form** [ফ(র্)ম্] আকৃতি, গঠন, রীতি, গঠন করা
**for mal** [ফ(র্)মেল্] নিয়ম মাফিক, বাহ্যিক
**for mal i ty** [ফ্য(র্)ম্যালিটি] লৌকিকতা, প্রচলিত রীতি
**for ma tion** [ফ্য(র্)মেইশন্] গঠন, গড়ন, ব্যূহ-রচনা
**for mer** [ফ(র্)মা(র্)] অতীতের, প্রাক্তন
**for mu la** [ফ(র্)মুলা] সংকেত, সূত্র, কোন বস্তুর উপাদান তালিকা
**fort** [ফৌ(র্)ট্] দুর্গ, গড়, কেল্লা
**forth right** [ফৌ(র্)থ্রাইট্] সঙ্গে সঙ্গে
**for ti fy** [ফ(র্)টিফাই] সুদৃঢ় করা, শক্তিশালী করা
**fort night** [ফ(র্)ট্নাইট্] একপক্ষ, ১৫ দিন সময়
**for tress** [ফ(র্)ট্রেস্] সুরক্ষিত স্থান, কেল্লা
**for tun ate** [ফ(র্)চুনিট্] ভাগ্যবান
**for tune** [ফ(র্)চুন্] ভাগ্য, প্রচুর ধনসম্পদ, লক্ষ্মীশ্রী, নিয়তি
**for ty** [ফ(র্)টি] চল্লিশ
**for ward** [ফ(র্)ওয়(র্)ড্] অগ্রসর, উন্নত, তৎপর, ডেঁপো, ধৃষ্ট

fork

**fos ter** [ফ্যস্‌টা(র্‌)] লালন করা, প্রতিপালন করা
**foul** [ফাউল্‌] নোংরা, জঘন্য, খেলার নিয়মভঙ্গ
**found** [ফাউন্‌ড্‌] স্থাপন করা, প্রতিষ্ঠিত করা
**foun da tion** [ফাউন্‌ডেইশন্‌] ভিত্তিস্থাপনা, প্রতিষ্ঠা
**foun tain** [ফাউন্‌টিন্‌] ফোয়ারা, উৎস, ঝরণা
**four** [ফো(র্‌)] চার **four score** [ফোরস্কোর] ৪ কুড়ি, আশী
**four teen** [ফো(র্‌)টিন্‌] চৌদ্দ **four teenth** [ফোর্‌টিন্‌থ্‌] চতুর্দশতম
**fourth** [ফো(র্‌)থ্‌] চতুর্থ
**fowl** [ফাউল্‌] মোরগ বা মুরগী
**fox** [ফক্‌স্‌] শেয়াল **fox y** [ফক্‌সি] শেয়ালের মত শঠ, খল
**fra cas** [ফ্র্যাকাস্‌] দাঙ্গা হাঙ্গামা, হৈ-হল্লা
**frac ture** [ফ্র্যাক্‌চা(র্‌)] হাড় ভাঙ্গা, ভগ্ন অংশ, ফাট, বিদার
**frag ile** [ফ্র্যাগাইল্‌] পলকা, ক্ষণভঙ্গুর
**frag ment** [ফ্র্যাগমেনট্‌] টুকরা, খণ্ড
**fra grance** [ফ্র্যাগ্র্যানস্‌] সুগন্ধ, সৌরভ, সুবাস
**frame** [ফ্রেইম্‌] ছবির ফ্রেম, জানালার ফ্রেম, কাঠাম, গঠন করা
**frank** [ফ্র্যাংক্‌] মনখোলা, সরল, স্পষ্টভাষী
**fraud** [ফ্রড্‌] জুয়াচুরি, প্রতারণা, তঞ্চকতা, জুয়াচোর, প্রবঞ্চক
**free** [ফ্রি] মুক্ত, স্বাধীন, অবাধ, বিনামূল্যে
**free dom** [ফ্রিডম্‌] স্বাধীনতা, স্বাতন্ত্র্য
**freeze** [ফ্রিজ্‌] জলকে বরফ করা, ঠাণ্ডায় জমিয়া যাওয়া, জমাট করা
**freight** [ফ্রেইট্‌] মালের ভাড়া, মালপত্র বহন করা
**fresh** [ফ্রেশ্‌] নূতন, তাজা, টাটকা, অনভিজ্ঞ, বিশুদ্ধ
**fric tion** [ফ্রিক্‌শ্যন্‌] ঘর্ষণ, মতান্তর ও ঝগড়া
**Fri day** [ফ্রাইডি] শুক্রবার
**fried** [ফ্রাইড্‌] ভাজা
**friend** [ফ্রেন্‌ড্‌] বন্ধু, সহায়ক **friendship** বন্ধুত্ব, অনুগ্রহ
**fright** [ফ্রাইট্‌] ভয়, আতঙ্ক
**fright en** [ফ্রাইটেন্‌] আতঙ্কিত করা, ভয় দেখান
**fright ful** [ফ্রাইট্‌ফুল্‌] ভয়ঙ্কর, ভয়াবহ, বিকট
**frill** [ফ্রিল্‌] চুনট, কোঁচানো, চুনটযুক্ত সজ্জাব
**frock** [ফ্রক্‌] শিশুদের জামাবিশেষ, ফ্রক

**frog** [ফ্রগ্] বেঙ, ভেক **frog man** সমুদ্রের অভিজ্ঞ ডুবুরি
**from** [ফ্রম্] হইতে
**front** [ফ্রান্ট্] সামনের দিক, রণক্ষেত্র, সম্মুখীন হওয়া
**frontier** [ফ্রন্‌টিআ(র্)] দুই দেশের সীমানা, সীমান্ত
**frost** [ফ্রস্ট্] তুষার, হিমানী
**froth** [ফ্রথ্] মণ্ড, গাদ, ফেনা, গাঁজলা
**frown** [ফ্রাউন্] ভ্রূকুঞ্চন, ভ্রূকুটি করা
**fru gal** [ফ্রুগ্যাল্] মিতব্যয়ী, হিসাবী
**fruit** [ফ্রুট্] ফল, পরিণাম
**fry** [ফ্রাই] ভাজা, মাছের পোনা বা পোনার ঝাঁক
**fu el** [ফ্যুয়েল্] জ্বালানী কাঠ
**ful fil** [ফুল্‌ফিল্] পূর্ণ করা, সাধন করা, সম্পন্ন করা, পালন করা
**full** [ফুল্] পূর্ণ, পরিপূর্ণ, সমগ্র, মোট
**fum ble** [ফাম্‌ব্‌ল্] অসহায়ভাবে হাতড়ান, আবোল তাবোল বলা
**fume** [ফ্যুম্] ধোঁয়া, বাষ্প, রাগে ফোঁস ফোঁস করা
**fun** [ফান্] মজা, কৌতুক, তামাসা
**func tion** [ফাংক্‌শ্যন্] ক্রিয়াকলাপ, অনুষ্ঠান, কাজ করা
**fund** [ফান্‌ড্] তহবিল, পুঁজি
**fun er al** [ফ্যুন্যারেল্] অন্ত্যেষ্টিক্রিয়া, শবানুগমন
**fun nel** [ফান্‌ল্] কুপী, চুংগি
**fun ny** [ফানি] কৌতুকপূর্ণ, মজাদার, মজার
**fur** [ফ্য(র্)] পশুর মসৃণ কোমল লোম (খরগোশ, বিড়াল ইত্যাদির)
**fu ri ous** [ফ্যুরিঅ্যাস্] প্রচণ্ড, উন্মত্ত, ভীষণ, ক্রোধোন্মত্ত
**fur nace** [ফ্য(র্)নিস্] চুল্লি
**fur nish** [ফ্য(র্)নিশ্] আসবাবপত্রের দ্বারা সুসজ্জিত করা, সাজানো
**fur ni ture** [ফ্য(র্)নিচ্যা(র্)] আসবাবপত্র, গৃহসজ্জা
**fur ther** [ফা(র্)দা(র্)] অধিকন্তু, আরও
**fury** [ফ্যুরি] প্রচণ্ড রোষ, প্রবল উত্তেজনা, প্রকোপ
**fuse** [ফ্যুজ্] ফিউজের তার, তাপে গলিয়া যাওয়া
**fuss** [ফাস্] অকারণ ব্যস্ততা, গোলযোগ, হৈচৈ
**fu tile** [ফ্যুটাইল্] নিষ্ফল, অকিঞ্চিৎকর
**fu ture** [ফ্যুচ্যা(র্)] ভাবী, ভবিষ্যৎ কাল, আগামী, বর্তমানের পর

frog

# G g

**gag** [গ্যাগ্] কণ্ঠরোধ করা, মুখের ভিতর কিছু পুরিয়া দিয়া বাক্‌রোধ করা
**gai ly** [গেইলি] প্রফুল্লভাবে, উল্লাসের সঙ্গে
**gain** [গেইন্] লাভ, মুনাফা, জয়, অর্জন করা, জিতিয়া লওয়া
**ga la** [গা-ল্য] আনন্দ উৎসব
**gal ax y** [গ্যাল্যক্‌সি] ছায়াপথের উজ্জ্বল নক্ষত্রমণ্ডলী, চমৎকার সমাবেশ
**gale** [গেইল্] প্রবল বাতাস, বাত্যা
**gal lant** [গ্যাল্যণ্ট্] সাহসী, নির্ভীক
**gal ler y** [গ্যাল্যরি] গ্যালারি, তলাবিন্যস্ত আসনশ্রেণী
**gal lon** [গ্যাল্যন্] তরল দ্রব্যের পরিমাণ বিশেষ, গ্যালন (একপ্রকার মাপ)
**gal lows** [গ্যালৌজ্] ফাঁসিকাষ্ঠ
**gam ble** [গ্যাম্‌বল্] জুয়াখেলা
**gam bler** [গ্যাম্‌ব্ল্য(র্)] জুয়াড়ী
**game** [গেইম্] খেলা, শিকারের প্রাণী
**gan der** [গ্যান্‌ড্য(র্)] রাজহাঁস


gangway

**gang** [গ্যাং] দুর্বৃত্তের দল, দল
**gang ster** [গ্যাংস্‌ট্য(র্)] দুর্বৃত্তদলভুক্ত অসৎ ব্যক্তি
**gang way** [গ্যাংওয়েই] জাহাজ বা স্টীমার হইতে তীরে নামিবার সেতু
**gap** [গ্যাপ্] শূন্যস্থান, ফাঁক, ফাটল
**ga rage** [গ্যারাজ্] মোটর গাড়ী রাখার বা মেরামতের জায়গা
**garb** [গা(র্)ব্] পোশাক, বেশভূষা
**gar bage** [গা(র্)বিজ্] আবর্জনা, নোংরা বস্তু, জঞ্জাল
**gar den** [গা(র্)ডন্] বাগান, উদ্যান
**gar den er** [গা(র্)ড্ন্য(র্)] মালী, উদ্যানপাল
**gar gle** [গা(র্)গ্‌ল্] কুলকুচি করা, মুখে জল লইয়া গল্‌গল্ করা
**gar land** [গা(র্)ল্যান্‌ড্] মালা, ফুলের মালা
**gar lic** [গা(র্)লিক্] রসুন
**gar ment** [গা(র্)ম্যণ্ট্] পোশাক, জামা
**gas** [গ্যাস্] বাষ্পবিশেষ, গ্যাস্
**gasp** [গাস্‌প্] হাঁপান, খাবি খাওয়া, হাঁ করিয়া শ্বাস গ্রহণ
**gate** [গেইট্] প্রবেশপথ, সদর দরজা, ফটক

**gath er** [গ্যাদ্য(র্)] জড় করা, একত্রিত হওয়া বা করা, চয়ন করা
**gaud y** [গডি] জমকালো, চোখ ঝলসানো
**gay** [গেই] হাসিখুশী, প্রফুল্ল, উজ্জ্বল
**gaze** [গেইজ্] একদৃষ্টিতে তাকাইয়া থাকা, অনিমেষ নয়নে দেখা
**ga zette** [গ্যাজেট্] সরকারী মুখপত্র, গেজেট, রাজপত্র
**gem** [জেম্] রত্ন, মণিমাণিক্য
**gen der** [জেন্ড্য(র্)] লিঙ্গ, জাতি (স্ত্রী কি পুরুষ)
**gen er al** [জেনরেল্] সাধারণ, মোটামুটি, সেনাধ্যক্ষ, প্রধান
**generation** [জেনারেশন্] যুগ, আমল, পুরুষ, প্রজনন
**gen er a tor** [জেনারেইট(র্)] উৎপাদক, বিদ্যুৎ উৎপাদক-যন্ত্র
**gen er ous** [জেন্রস্] উদার, মহৎ
**gen ius** [জিনিঅস্] প্রতিভা, অসাধারণ ধীশক্তি, প্রতিভাবান, অপদেবতা
**gen tle** [জেন্টল্] নম্র, সজ্জন, মৃদু; **-ly** বিনীতভাবে
**gen tle man** [জেন্ট্ল্ম্যন্] ভদ্রলোক, সজ্জন
**gen uine** [জেন্যুইন্] আসল, খাঁটি, প্রকৃত
**ge og ra phy** [জিঅগ্র্যাফি] ভূগোলবিদ্যা
**ge ol o gy** [জিঅল্যাজি] ভূ-বিদ্যা
**ge om e try** [জিঅমিট্রি] জ্যামিতি শাস্ত্র
**germ** [জ্য(র্)ম্] বীজ, অঙ্কুর, জীবাণু
**ges ture** [জেস্চ্য(র্)] অঙ্গভঙ্গি, ব্যঞ্জনা
**get** [গেট্] পাওয়া, আনা, হওয়া

gibbon

**get at** নাগাল পাওয়া **get off** পলায়ন করা **get on** মানাইয়া চলা
**get over** অতিক্রম করা **get up** উঠা, আরোহণ করা, জাগিয়া উঠা

**ghast ly** [গাস্ট্লি] জঘন্য, বীভৎস, বিভীষিকাময়, ন্যক্কারজনক
**ghost** [গৌস্ট্] ভূত, মিথ্যা, ভূয়া
**gi ant** [জ্যাইয়্যন্ট্] দৈত্য, অতিকায় বস্তু
**gib bon** [গীব্যন্] অতিকায় বানর, গীবন
**gid dy** [গিডি] মাথা ঝিম-ঝিমানো
**gift** [গিফ্ট্] দান, উপহার, সহজাত গুণ
**gi gan tic** [জাইগ্যান্টিক্] বিরাট, অতিকায়, দানবীয়
**gig gle** [গিগ্ল্] ফিক্ ফিক্ করিয়া হাসা
**gill** [গিল্] মাছের কানকো

gill

**gin ger** [জিন্‌জ্য(র্‌)] আদা, আদ্রক

ginger

**gip sy** [জিপ্‌সি] যাযাবর

**gi ra ffe** [জিরাফ্‌] জিরাফ্‌, একজাতীয় দীর্ঘগ্রীব পশু

**girl** [গ্যে(র্‌)ল্‌] বালিকা, মেয়ে

**gist** [জিস্‌ট্‌] সারমর্ম

**give** [গিভ্‌] দেওয়া, অর্পণ করা

**glad** [গ্ল্যাড্‌] খুশী, সন্তুষ্ট **glad ly** [গ্ল্যাড্‌লি] খুশীমনে, সানন্দে

giraffe

**gla mour** [গ্ল্যামা(র্‌)] চটক, আড়ম্বর, কৃত্রিম সৌন্দর্য

**glance** [গ্লান্‌স্‌] একপলক দেখা, চোখ বুলাইয়া লওয়া

**glare** [গ্লেয়্য(র্‌)] চোখ ঝলসানো, প্রখর দীপ্তি

**glass** [গ্লাস্‌] কাচ, গেলাস **glasses** [গ্লাসিজ্‌] চশমা

**glaze** [গ্লেইজ্‌] চকচক করা, জেল্লা ধরা

globe fish

**glean** [গ্লীন্‌] সংগ্রহ করা, উঞ্ছবৃত্তি করা

**glee** [গ্লি] উৎফুল্ল, কৃতকার্যতায় আনন্দ

**glide** [গ্লাইড্‌] অতি ধীরে চলা বা ভাসা

**glimpse** [গ্লিম্‌(প)স্‌] আভাস, ক্ষীণ আলো, আকস্মিক দীপ্তি

**glit ter** [গ্লিট্য(র্‌)] ঝক্‌মক করা, ঝলমল করা

globe

**globe** [গ্লৌব্‌] গোলক, পৃথিবী, লণ্ঠনের গোল চিমনী

**globe-fish** [গ্লৌব্‌ফিশ্‌] টেপামাছ, পোট্‌কা মাছ

**globe trotter** [গ্লৌব্‌ট্রট্যা(র্‌)] ভূপর্যটক, পৃথিবী-পর্যটক

**glo bule** [গ্লবুল] ক্ষুদ্রগোলক, বটিকা

**gloom** [গ্লুম্‌] অন্ধকার, বিষাদ

**gloom y** [গ্লুমি] বিষাদময়, বিষণ্ণ, মুখ-ভার করা

**glo ri ous** [গ্লরিঅ্যাস্‌] মহিমান্বিত, চমৎকার

**glo ry** [গ্লরি] মহিমা, যশ

**gloss** [গ্লস্‌] ঔজ্জ্বল্য, পালিশ, টীকাটিপ্পনী, ভাষ্য

**glove** [গ্লাব্‌] দস্তানা

**glow** [গ্লৌ] দীপ্তি, আভা, জ্বলা, উদ্‌ভাসিত হওয়া

gnat

**glue** [গ্লু] শিরিশের আঠা

**glut** [গ্লাট্‌] গোগ্রাসে গেলা

**glut ton** [গ্লাটন্‌] অতিভোজী লোক, পেটুক

**gnat** [ন্যাট্‌] ডাঁশ-মশা

**go** [গৌ] যাওয়া, চলা
**goal** [গৌল্] লক্ষ্য, ফুটবল ইত্যাদি খেলার গৌল
**goat** [গৌট্] ছাগ, পাঁঠা, ছাগল
**go-between** [গৌবিটব্বুইন্] দালাল, যে ব্যক্তি মধ্যস্থতা করে
**god** [গড্] ঈশ্বর, দেবতা, ভগবান
**godd ess** [গডেস্] দেবী
**god fa ther** [গড্ফাদা(র্)] ধর্মপিতা
**god moth er** [গড্মাদা(র্)] ধর্মমাতা

gourd

**god send** [গড্সেন্ড্] দৈবাৎ প্রাপ্ত সৌভাগ্য, ভগবানের কৃপায় প্রাপ্ত
**god-speed** [গড্স্পিড্] সৌভাগ্যকামনা, জয়যাত্রা
**gold** [গৌল্ড্] স্বর্ণ, সোনা
**gold en** [গৌল্ডেন্] স্বর্ণময়, সোনালী, উৎকৃষ্ট, আনন্দময়
**gold-mine** [গৌল্ড্-মাইন্] সোনার খনি, প্রচুর লাভের বস্তু
**gold-smith** [গৌল্ড্স্মিথ্] স্বর্ণকার, সোনার অলঙ্কার নির্মাতা
**golf** [গল্ফ্] গল্ফ খেলা
**gong** [গং] কাঁসর, কাঁসার তৈরী থালার ন্যায় চেপটা বাদ্যযন্ত্র
**good** [গুড্] ভাল, সৎ, সুশীল, তাহাই হোক, বেশ, বেশ তো
**good bye** [গুড্বাই] বিদায় সম্ভাষণ, বিদায়!
**good day** [গুড্ডেই] সাক্ষাতের অভিবাদন
**good-for-nothing** [গুড্ ফর্ নাথিং] কাজের অযোগ্য, বাজে, কুঁড়ে
**goods** [গুড্স্] মালপত্র
**goody-goody** [গুডি-গুডি] নেহাৎ ভাল মানুষ, অপদার্থ
**goose** [গুস্] রাজহংসী
**gos pel** [গ্যাস্পেল্] উপদেশাবলী, খৃষ্টের সুসমাচার
**gore** [গ(র্)] শিং দিয়া গুঁতান
**gorge** [গ(র্)জ্] গিরিসঙ্কট, গিরিখাত, কণ্ঠনালী
**gor geous** [গ(র্)জ্যাস্] চমৎকার, জাঁকাল
**go ril la** [গ্যারিল্যা] গরিলা, বনমানুষ
**gos sip** [গসিপ্] বাজে গল্প, খোশগল্প
**gourd** [গৌ(র্)ড্] লাউ, শুষ্ক লাউ, তুম্বা
**gout** [গাউট্] গেঁটেবাত
**gov ern** [গাভ(র্)ন্] শাসন করা, পরিচালনা করা

gorilla

**gown** [গাউন্] গাউন, মেয়েদের পোষাক বিশেষ, উকিল, ব্যারিস্টার, জজ, পাদরী ও স্নাতক প্রভৃতির পোষাক
**grab** [গ্র্যাব্] হঠাৎ আঁকড়াইয়া ধরা
**grace** [গ্রেইস্] সৌষ্ঠব, ভূষণ, ভগবানের দয়া, বিভূষিত করা
**gra cious** [গ্রেইশাস্] দয়ালু, করুণাময়, দয়াময়
**grade** [গ্রেইড্] ধাপ, সোপান, শ্রেণী, স্তর, ক্রমপর্যায়ে সাজান
**grad u al** [গ্র্যাজুয়াল্] ক্রমিক, পরপর
**grad u al ly** [গ্র্যাজুয়েলি] ক্রমে, ক্রমশঃ, আস্তে, ধীরে
**grad u ate** [গ্র্যাজুইট্] স্নাতক, বিশ্ববিদ্যালয়ের উপাধি, ক্রমবিন্যাস করা
**graft** [গ্রাফ্ট্] গাছের কলম, জোড়া দেওয়া
**grain** [গ্রেইন্] শস্য, কণা, দানা, ওজন বিশেষ
**gram mar** [গ্র্যামা(র্)] ব্যাকরণ, প্রাথমিক জ্ঞান
**gram o phone** [গ্র্যাম্যফোন্] কলের গান, গ্রামোফোন
**gran a ry** [গ্র্যানারি] মরাই, ধানের গোলা, শস্যের আড়ৎ
**grand** [গ্র্যান্ড্] চমৎকার, প্রধান, উৎকৃষ্ট, বিশাল, বিরাট
**grand child** [গ্র্যান্ড্চাইল্ড্] ছেলে বা মেয়ের সন্তান, নাতিনাতিনী
**grand fa ther** [গ্র্যান্ড্ফাদা(র্)] ঠাকুরদাদা, পিতামহ বা মাতামহ
**grand moth er** [গ্র্যান্ড্মাদা(র্)] ঠাকুরমা, দিদিমা
**granny** [গ্র্যানি] পিতামহী বা মাতামহী, বৃদ্ধা দিদিমা
**grant** [গ্রান্ট্] দান, বৃত্তি, মঞ্জুর করা, দান করা, মানিয়া লওয়া
**grape** [গ্রেইপ্] আঙ্গুর, দ্রাক্ষাফল
**grasp** [গ্রাস্প্] আঁকড়াইয়া ধরা, উপলব্ধি করা
**grass** [গ্রাস্] ঘাস, দুর্বা **grass-grown** তৃণাচ্ছাদিত
**grass hop per** [গ্রাস্হপ্যা(র্)] লাফানে ফড়িং, গয়া ফড়িং
**grate ful** [গ্রেইট্ফুল্] কৃতজ্ঞ
**gra tis** [গ্রেইটিস্] মাগনা, বিনা পয়সায়
**grave** [গ্রেইভ্] কবর, গুরুতর, গম্ভীর, রাশভারী
**grav el** [গ্র্যাভেল্] কাঁকর, পাথরের কুচা
**grav i ty** [গ্র্যাভিটি] গাম্ভীর্য, গুরুত্ব, মাধ্যাকর্ষণ-শক্তি
**graze** [গ্রেইজ্] আলতোভাবে আঁচড়াইয়া বা ঘষিয়া যাওয়া, গরু মহিষাদি চরান, মাঠে ঘাস খাওয়ান
**grease** [গ্রীস্, গ্রীজ্] চর্বি জাতীয় পদার্থ, যন্ত্রাদি তৈলাক্ত করা

grasshopper

**great** [গ্রেইট্] বড়, মহৎ, বিশাল **greatness** মহানুভবতা, শ্রেষ্ঠত্ব, বিশালতা
**greed** [গ্রীড্] লোভ, অর্থগৃধ্নুতা **greedy** [গ্রীডি] লোভী
**green** [গ্রীণ্] সবুজ, কাঁচা, তরুণ **green-boat** প্রমোদ তরী
**green gro cer** [গ্রীণ্গ্রৌসা(র্)] তরিতরকারী বিক্রেতা, সব্জীওয়ালা
**green house** [গ্রীণ্হাউস্] ছোট ছোট গাছপালা রক্ষণের জন্য কাঁচের ঘর
**green room** [গ্রীণ্ রুম্] সাজঘর
**greet** [গ্রীট্] সম্বর্ধনা জানান, নমস্কার করা, অভিবাদন করা
**grey** [গ্রেই] ধূসর, ছাই-ছাই রং
**grief** [গ্রীফ্] শোক, দুঃখ **come to grief** অনুশোচনা করা, দুঃখে পড়া
**grievance** [গ্রীভ্যেন্স্] ক্ষোভ, অন্যায় ব্যবহারের জন্য দুঃখ
**griev ous** [গ্রিভাস্] নিদারুণ, দুঃসহ, গুরুতর
**grim** [গ্রিম্] ভয়াবহ, হিংস্র, কঠোর
**grin** [গ্রিন্] লোকদেখানো হাসি, কাষ্ঠহাসি, দেঁতোহাসি
**grind** [গ্রাইন্ড্] গুঁড়া করা, চূর্ণ করা, পেষণ করা, শাণ দেওয়া
**grind stone** [গ্রাইন্ড্স্টোন্] শাণ, শাণযন্ত্র
**grip** [গ্রিপ্] দৃঢ় মুষ্টি, হাতল, আঁকড়াইয়া ধরা
**grit** [গ্রিট্] কাঁকর, পাথরকুচি
**groan** [গ্রৌন্] কাতরানি, গোঙানি, আর্তনাদ করা
**gro cer** [গ্রৌস্য(র্)] মুদি, চা চিনি মশলাপাতি বিক্রেতা
**gro cer y** [গ্রৌসেরি] মুদিখানার জিনিষপত্র চা চিনি মশলা প্রভৃতি
**groom** [গ্রুম্] সহিস, বর, পাত্র
**gross** [গ্রৌস্] ১২ ডজন, জঘন্য, গুরুতর (ভুল), সবশুদ্ধ, মোটমাট
**ground** [গ্রাউন্ড্] মাটি, ভূতল, মাঠ, ভিত্তি, পটভূমি, চূর্ণীকৃত
**ground-nut** [গ্রাউন্ড্-নাট্] চীনাবাদাম
**group** [গ্রুপ্] দল, শ্রেণী, শ্রেণীবদ্ধ করা, দলে বদ্ধ করা
**grouse** [গ্রাউজ্] পাখী বিশেষ, ঘ্যান ঘ্যান করা, অভিযোগ করা
**grove** [গ্রৌভ্] কুঞ্জবন, উপবন
**grow** [গ্রৌ] জন্মান, চাষ করা, বর্ধিত হওয়া; **growth** বৃদ্ধি, জন্ম
**growl** [গ্রাউল্] (কুকুরের) ঘেউ ঘেউ গর্জন, গজর গজর করা
**grudge** [গ্রাজ্] ঈর্ষা করা, শত্রুতা, ঈর্ষা
**gru el** [গ্রুয়েল্] লপ্সি, জাউভাত, পাতলা খিচুড়ি
**grum ble** [গ্রাম্ব্ল্] মুখভার করা, রাগে বিড়বিড় করা, বিরক্তিভাব

**grunt** [গ্রান্‌ট্‌] ঘোঁৎ ঘোঁৎ করা
**guard** [গা(র্‌)ড্‌] পাহারা দেওয়া, প্রহরী, রেলের গার্ড, রক্ষা করা
**guard i an** [গা(র্‌)জেন্‌] অভিভাবক
**gua va** [গ্বআভা] পেয়ারা
**guess** [গেস্‌] অনুমান করা, ধারণা করা
